# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

বাংলাদেশ বেতার

Magh 23, 1430 Bangla, February 06, 2024, Tuesday, No. 37, 54th year

# H I G H L I G H T S

Prime Minister Sheikh Hasina orders Bangladesh's armed forces and paramilitary border guards to exercise patience amid intense fighting between the Myanmar military and insurgents. (VOA: 10)

AL GS Obaidul Quader says, BD will not put steps into any trap, no matter how much provocation comes from Myanmar. BD wants to bring solutions through discussion. BD is never in favor of war. (Jago FM: 17)

Foreign Minister says, Myanmar government has approached the Bangladesh mission there to take back its Border Guard Police (BGP) members who fled to Cox's Bazar due to heavy gunfights in Rakhine state. (R. Today: 14)

BNP Senior Joint Secretary General Ruhul Kabir Rizvi says, the border is insecure because of the government's knee-jerk foreign policy. The government is unable to protect the integrity of sovereignty. (R. Today: 14)

So far, 106 Border Guard police of Myanmar have taken refuse at the BGB camp on Tambru border in Bandarban fleeing intense fighting in Rakhaine state. (VOA: 11)

At least two people including a Rohingya were killed and a child was injured after a mortar shell, reportedly fired by Myanmar, fell on the Ghumdum border in Bandarban. (R. Today: 13)

After massive shelling at Tumbru border in Bandarban, huge shelling has started at Palongkhali in Cox's Bazar border in Teknaf. BGB detained a Rohingya family from Ulubnia border while infiltrating into BD. (Jago FM : 18)

A Noakhali court has sentenced 10 people to death & 6 others to life imprisonment in a case filed over raping a housewife in Subarnachar upazila on night of 11th parliamentary poll on December 30, 2018. (BBC: 06)

Jahangirnagar University has suspended the certificates of six present and former students accused of raping a woman after confining her husband on the campus. (R. Today: 14)

According to Bangladesh Bank, BD's foreign exchange reserves fell below 2,000 crore dollars at end of January.BB has taken various steps in recent years to attract remittances including relaxation of rules. (VOA: 08)

The US carried out further strikes against the Iran-backed Houthi group in Yemen and also warned to take further action against Iran-backed groups in Iraq and Syria. (BBC: 23)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ২৩, বাংলা ১৪৩০, ফেব্রুয়ারি ০৬, ২০২৪, মঙ্গলবার, নং- ৩৭, ৫৪তম বছর**

# শিরোনাম

মিয়ানমারের সরকারি বাহিনী ও বিদ্রোহীদের মধ্যে সাম্প্রতিক বিরোধপূর্ণ পরিস্থিতিতে, বাংলাদেশের সশস্ত্র বাহিনী ও আধা সামরিক সীমান্তরক্ষী বাহিনীকে ধৈর্য ধরার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (ভোয়া : ১০)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, মিয়ানমার যতই প্রলুব্ধ করুক কোনো ফাঁদে বাংলাদেশ পা দেবে না, আলাপ-আলোচনার মাধ্যমে বাংলাদেশ সমাধান করতে চায়। বাংলাদেশ কখনোই যুদ্ধের পক্ষে নয়। (জাগো এফএম: ১৭)

মিয়ানমারের সেনাবাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সংঘর্ষে বাংলাদেশ সীমান্তে আশ্রয় নেওয়া বর্ডার গার্ড পুলিশ, বিজিপির সদস্যদের ফিরিয়ে নিতে মিয়ানমার যোগাযোগ করেছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী। (রে. টুডে: ১৪)

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী বলেছেন সরকারের নতজানু পররাষ্ট্র নীতির কারণে সীমান্ত অরক্ষিত। সর্বভৌমত্বের অখন্ডতা রক্ষা করতে পারছে না সরকার। (রে. টুডে: ১৪)

রাখাইন রাজ্যে তীব্র লড়াই থেকে পালিয়ে বান্দরবানের তমব্রু সীমান্তে বিজিবি ক্যাম্পে এ পর্যন্ত মিয়ানমারের ১০৬ বর্ডার গার্ড পুলিশ আশ্রয় নিয়েছে। (ভোয়া : ১১)

বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম সীমান্তবর্তী এলাকায় মিয়ানমার থেকে ছোড়া মর্টার শেলের আঘাতে এক বাংলাদেশী ও এক রোহিঙ্গা নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরো এক শিশু। (রে. টুডে: ১৩)

বান্দরবানের তুমব্রু সীমান্তে ব্যাপক গোলাগুলির পর এবার কক্সবাজারের উখিয়ার পালংখালী এবং টেকনাফে হোয়াইক্যং উলুবনিয়া সীমান্তে ব্যাপক গোলাগুলি শুরু হয়েছে। এ সময় বাংলাদেশে অনুপ্রবেশের সময় উলুবনিয়া সীমান্ত থেকে এক রোহিঙ্গা পরিবারকে আটক করেছে বিজিবি। (জাগো এফএম: ১৮)

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের রাতে নোয়াখালীর সুবর্ণচরে গৃহবধূকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে করা মামলায় ১০ জনের ফাঁসি ও ছয়জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। (বিবিসি: ০৬)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের একটি আবাসিক হলে স্বামীকে আটকে রেখে স্ত্রীকে ধর্ষণের ঘটনায় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান ছয় শিক্ষার্থীর সনদ স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। (রে. টুডে: ১৪)

বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, জানুয়ারি শেষে বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২,০০০ কোটি (২০ বিলিয়ন) ডলারের নিচে নেমে এসেছে। বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়ানোর লক্ষ্যে, , বিধি শিথিলসহ বিভিন্ন পদক্ষেপ নিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। (ভোয়া : ০৮)

মার্কিন যুক্তরাষ্ট্র ইয়েমেনে ইরান-সমর্থিত হুথি গোষ্ঠীর বিরুদ্ধে আরও হামলা চালিয়েছে এবং ইরাক ও সিরিয়ায় ইরান-সমর্থিত গোষ্ঠীগুলির বিরুদ্ধে আরও পদক্ষেপ নেওয়ার হুঁশিয়ারি দিয়েছে। (বিবিসি: ২৩)

# বিবিসি

## মর্টার শেলে বাংলাদেশে দুই জনের মৃত্যু, জনশূন্য হচ্ছে গ্রামগুলো

মিয়ানমারের বিদ্রোহী গোষ্ঠীগুলোর সাথে জান্তা বাহিনীর চলমান যুদ্ধে এবার বাংলাদেশের অভ্যন্তরে প্রাণ গেলো দুই জনের। নিহতদের একজন বাংলাদেশি নারী এবং অপরজন ঐ বাড়িতেই শ্রমিক হিসেবে কাজ করা রোহিঙ্গা পুরুষ। বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছে বান্দরবানের নাইক্ষ্যংছড়ির উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাকারিয়া। সোমবার বিকেল পৌনে তিনটায় নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ইউনিয়নের জলপাইতলী গ্রামে এ ঘটনাটি ঘটে। ঘুমধুম ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আজিজও বিবিসি বাংলার কাছে ঘটনাটি নিশ্চিত করেছেন।

ঘুমধুম ইউনিয়নের বাসিন্দা মোহাম্মদ শাহজাহান বিবিসি বাংলাকে জানান, `রোববার গুলির ঘটনায় দুজন আহত হওয়ার পর সোমবার দুই জনের মৃত্যুর খবরে চরম আতঙ্ক বিরাজ করছে সীমান্ত এলাকায়। ঘুমধুমের এক নম্বর ওয়ার্ডের সদস্য শরিফুল ইসলাম বিবিসি বাংলাকে জানান, ঘুমধুমের জলপাইতলীর বাদশা মিয়ার বাড়ির সাথেই তার জমিতে কাজ করছিলেন রোহিঙ্গা এক শ্রমিক। দুপুর আড়াইটার পর তিনি সেই বাড়িতে ভাত খেতে রান্নাঘরে যান। তখন মিয়ানমার থেকে ছোড়া মর্টার শেল এসে পড়ে রান্নাঘরের ওপর। ঘটনাস্থলেই ওই রোহিঙ্গা শ্রমিক মারা যান। এতে গুরুত্বর আহত হোসনে আরাকে কুতুপালং এমএসএফ হাসপাতালে নেয়া হলে সেখানেই তার মৃত্যু হয়।

মিয়ানমারের যুদ্ধে বাংলাদেশে দুই জনের মৃত্যুর ঘটনায় সীমান্ত এলাকার বাসিন্দারা আতঙ্কিত হয়ে বাড়িঘর ছাড়ছে বলে বিবিসি বাংলাকে জানান স্থানীয় বাসিন্দা ও জনপ্রতিনিধিরা। এমন পরিস্থিতিতিতে বিজিবি সদস্যদের ধৈর্য্য ধরতে অনুরোধ করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। রোববার সকালে গুলির আঘাতে দুজন আহতের পর থেকেই আতঙ্ক বাড়ছিলো ঘুমধুমের তুমব্রু সীমান্ত এলাকায়। এর আগে নিরাপত্তার কথা মাথায় রেখে এই অঞ্চলের কেউ কেউ বাড়িঘর ছাড়তে শুরু করেছিলেন।

স্থানীয় বাসিন্দা মোহাম্মদ শাহজাহান বিবিসি বাংলাকে বলেন, এতদিন মিয়ানমার সীমান্তের ওপারে যে গুলি ও বোমার শব্দ পাওয়া যাচ্ছিল গত দুই তিন দিনে এটি বেড়েছে। মানুষের বাড়িঘড়ের ছাদের ওপরে গুলি, মর্টার শেলের খোসা পড়ছে। আতঙ্কিত হয়ে বাড়িঘর ছাড়ছে এলাকাবাসী। মি. শাহজাহান বিবিসি বাংলাকে বলেন, আমি আমার পরিবারকে উখিয়ায় পাঠিয়ে দিয়েছি। এমন অনেকেই তাই করেছে। কেননা মানুষ বাড়িঘরে থাকতে ভয় পাচ্ছে। সোমবার দুপুরের পর থেকে এইসব এলাকার কেউ আর বাড়িতে থাকার সাহস পাচ্ছে না।

এক নম্বর ওয়ার্ডের মেম্বার শরিফুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, এলাকা থেকে সব মানুষ পালিয়ে যাচ্ছে। কারণ, অনেক দূর থেকে বোমা এসে পড়ছে। তারা রিমোর্ট কন্ট্রোল সিস্টেমে অনেক ভেতর থেকে বোমা মারতেছে। এলাকার বাসিন্দা ও জনপ্রতিনিধিরা জানাচ্ছেন, ঘণ্টা খানেকের মধ্যে দুই চারটা বোমা এসে পড়তেছে এলাকায়। এই কারণে সবাই বাড়িঘর ছাড়ছে। সীমান্ত এলাকার কয়েকটি গ্রাম এখন প্রায় জনশূন্য হয়ে পড়েছে বলেও জানান তারা। "আমরা যতটুকু সম্ভব এলাকাবাসীদের পাশে আছি। কিন্তু কতক্ষণ ধরে তাদের সাহস যুগিয়ে রাখা যাবে নিশ্চিত করে বলা যাচ্ছে না। আমরা জনগণকে সামলানোর চেষ্টা করছি„ বলেন মি. ইসলাম। রোববার সন্ধ্যার পর থেকে মধ্যরাত পর্যন্ত বন্ধ ছিল গোলাগুলি। ভোর থেকে আবার গোলাগুলি শুরু হয়।

স্থানীয় ইউপি মেম্বার শরীফুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, কিছুক্ষণ পর পর মিয়ানমার সীমান্তে আকাশে হেলিকপ্টার দেখা যাচ্ছে। সেখান থেকে গোলাগুলি হচ্ছে। স্থানীয়রা জানাচ্ছে, সীমান্তের ওপারে রাইট সাইট ও লেফট সাইট নামে দুটি প্রান্ত রয়েছে। জান্তা বাহিনীর সাথে যুদ্ধের পর রাইট সাইট এখন আরাকান আর্মির দখলে চলে এসেছে সেটা এ পাশ থেকেই অনেকটা স্পষ্ট বোঝা যাচ্ছে। তবে লেফট সাইটে এখনও দুই পক্ষের মধ্যে চরম গোলাগুলি চলছে বলেও তথ্য পাওয়া যাচ্ছে সীমান্ত এলাকা থেকে। এমন অবস্থায় ঘুমধুম সীমান্ত থেকে বাংলাদেশে অনুপ্রবেশের অপেক্ষায় আছেন দেশটির চাকমা সম্প্রদায়ের প্রায় ৪০০ জন। পাশাপাশি কিছুসংখ্যক রোহিঙ্গাকেও সীমান্তে জড়ো হতে দেখা গেছে। গণমাধ্যমকে এমন তথ্য নিশ্চিত করেছেন কক্সবাজারের শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার (আরআরআরসি) মো. মিজানুর রহমান।

অন্যদিকে আরাকান আর্মির আক্রমণের মুখে এ পর্যন্ত ১০৩ জন মিয়ানমার সীমান্তরক্ষী পুলিশ-বিজিপি সদস্য বাংলাদেশে পালিয়ে এসে আশ্রয় নিয়েছেন। তাদেরকে হেফজতে নেয়া হয়েছে বলে জানিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ-বিজিবি। এমন অবস্থায় সীমান্ত এলাকায় বিজিবিকে ধৈর্য্য ধরার জন্য বলা হয়েছে বলে সংসদে জানান আইনমন্ত্রী আনিসুল হক। তিনি জানান সরকার যথাযথ সময় ব্যবস্থা নেবে। একই দিন নিজ দপ্তরে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, প্রাণ বাঁচাতে আসা মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর সদস্যদের ফেরত পাঠাতে মিয়ানমারের সঙ্গে আলোচনা এরই মধ্যে শুরু হয়েছে। তারা কোন পদ্ধতিতে যাবে, সেটা নিয়ে আলোচনা চলছে দুই পক্ষের মধ্যে। এখনই তৃতীয় কোনো দেশের সহযোগিতা নিচ্ছে না বাংলাদেশ। (বিবিসি ওয়েব পেজ:৫.২.২৪ রিহাব)

## মিয়ানমার থেকে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া সীমান্তরক্ষীর সংখ্যা বেড়ে ৯৫

বান্দরবানের তমব্রু সীমান্তের বিজিবি ক্যাম্পে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর এখনও পর্যন্ত ৯৫ জন সদস্য পালিয়ে আশ্রয় নিয়েছেন বাংলাদেশে। তারা নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে মিয়ানমারের বিদ্রোহী দল আরাকান আর্মির সঙ্গে সংঘর্ষের মধ্যে পালিয়ে এসেছেন। বর্ডার গার্ডস বাংলাদেশ বা বিজিবি'র একটি বার্তায় জানানো হয়েছে, সোমবার সকাল পর্যন্ত মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর ৯৫ জন সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে। তাদের অস্ত্র ও গুলি বিজিবির কাছে জমা রাখা আছে। রবিবার সন্ধ্যার পর থেকে বান্দরবানের ঘুমধুম সীমান্তে গোলাগুলির পরিমাণ কিছুটা কমেছে বলে নিশ্চিত করেছে বিজিবি।

ঘুমধুম সীমান্তে বিজিবি ৩৪ ব্যাটেলিয়ানের অধিনায়ক আব্দুল্লাহ আল আশরোকি বিবিসি বাংলাকে বলেন, "সীমান্ত পাড়ি দিয়ে যারা আসছে তারা মূলত মিয়ানমারের সিকিউরিটি ফোর্সের সদস্য। তাদেরকে আমরা কর্ডন করেছি। তাদেরকে ডিসআর্ম করেছি। অস্ত্র আলাদা করেছি এবং তাদেরকে আমরা নিরাপদ স্থানে রেখেছি।" তাদের বিরুদ্ধে আর্ন্তজাতিক প্রচলিত বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে বলেও জানান মি. চৌধুরী।

রবিবার দুপুরে সচিবালয়ে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান গণমাধ্যমকে বলেন, "তাদেরকে ফেরত পাঠিয়ে দিবো আমরা। এজন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মিয়ানমারের সাথে যোগাযোগ করা হচ্ছে।" গত কয়েক সপ্তাহ ধরেই বাংলাদেশ ও ভারতের সীমান্ত সংলগ্ন এলাকায় যুদ্ধ জোরালো করেছে আরাকান আর্মিসহ কয়েকটি গোষ্ঠী। তারা সম্মিলিতভাবে মিয়ানমারের সামরিক বাহিনীর বিরুদ্ধে অভিযান শুরু করেছে। এর মধ্যেই কোনও কোনও সীমান্ত শহর দখল করে নিয়েছে।

নাইক্ষ্যংছড়ি উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাকারিয়া বিবিসি বাংলাকে বলেন, "এরই মধ্যে আজ তুমব্রুতে একজন আহত হয়েছেন। সেখানে পাঁচটি প্রাথমিক স্কুল ও একটি মাদ্রাসা বন্ধ রাখা হয়েছে।„ ঘুমধুম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ কে এম জাহাঙ্গীর আজিজ জানান, সকাল থেকেই খারাপ অবস্থা। সীমান্তের ওইপাশ থেকে গোলাগুলির শব্দ আসছে। শনিবার গুলির আঘাতে বান্দরবানের একটি সিএনজিতেও গুলি লাগে। তুমব্রুতে একজন আহত হয়েছে এবং বাইশফাঁড়ি সীমান্তের কাছে একজনের বাড়িতে গোলা পড়েছে।

মিয়ানমারের ভেতরে গত কয়েক সপ্তাহ যাবত চলা সংঘাতের প্রেক্ষাপটে বাংলাদেশের সীমান্ত ঘেঁষা এলাকায় আগেই সতর্কতা বাড়িয়েছে স্থানীয় কর্তৃপক্ষ। বাংলাদেশে কক্সবাজারের টেকনাফ এবং বান্দরবানের তুমব্রু সীমান্ত এলাকায় গত সপ্তাহ থেকে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গোলাগুলি ও মর্টার শেল ছোঁড়ার শব্দ শুনছেন বলে বিবিসিকে জানিয়েছেন স্থানীয় কয়েকজন বাসিন্দা। সীমান্ত লাগোয়া বাংলাদেশের কয়েকটি বাড়িতে গুলি এসে পড়েছে বলেও জানাচ্ছেন তারা। মিয়ানমারে যেখানে এসব সংঘাত চলছে, তা বাংলাদেশের সীমান্তের খুব কাছে অবস্থিত হওয়ায় তুমব্রু ও টেকনাফ সীমান্তে এরই মধ্যে সতর্ক অবস্থানের কথা জানিয়েছে কক্সবাজার এবং বান্দরবানের জেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী। গত অক্টোবরে আরাকান আর্মি সামরিক বাহিনী বিরোধী সশস্ত্র জোট ব্রাদারহুড অ্যালায়েন্সের অংশ হিসেবে ব্যাপকতর লড়াইয়ে যোগ দেয়ার ঘোষণা দেয়। তারা ইতোমধ্যেই দেশজুড়ে বিদ্রোহী গোষ্ঠীগুলোর দৌরাত্ম্যে চাপে থাকা সেনাবাহিনীর ওপর সিরিজ আক্রমণ শুরু করে। এরপর গত ১১ সপ্তাহে চীনের সীমান্তবর্তী বিভিন্ন অংশে জোটের হাতে পর্যুদস্ত হয় মিয়ানমারের সামরিক বাহিনী। সর্বশেষ গত শনিবার দেশের আারেকপ্রান্তে ভারত-ঘেঁষা পালেতোয়া শহরের মিওয়া ঘাঁটির শেষ সেনাচৌকিটি দখলে নেয় আরাকান আর্মি। ২০২০ সালে একবার এই ঘাঁটিই ৪২ দিনের টানা লড়াইয়ের পর দখল করতে ব্যর্থ হয় তারা।

ইতিমধ্যে এসব এলাকা থেকে কয়েকশত মিয়ানমারের সৈনিক পালিয়ে ভারতে আশ্রয় নিয়েছে। তবে বাংলাদেশে প্রবেশের ঘটনা এবারই প্রথম ঘটলো। নাইক্ষংছড়ির ঘুমধুম ইউনিয়নের তুমব্রু হেডম্যান পাড়া চাকমাপল্লীর অবস্থান সবচেয়ে কাছাকাছি। মিয়ানমার সীমান্তের কাঁটাতার ঘেঁষা এই পল্লীতে ২৭ টি পরিবারের বসবাস। মিয়ানমারের চলমান ঘটনার প্রেক্ষাপটে এই পল্লীর বাসিন্দারা রাতে পালা করে জেগে থেকে পাহারা দিচ্ছেন। মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তের দৈর্ঘ্য প্রায় ২৮৩ কিলোমিটার। এর বড় একটা অংশই পড়েছে কক্সবাজারের উখিয়া-টেকনাফ এবং বান্দরাবানের নাইক্ষ্যংছড়ি উপজেলায়। (বিবিসি ওয়েব পেজ:৫.২.২৪ রিহাব)

## মিয়ানমার সীমান্তে ঠিক কী ঘটছে? কেন দেশছাড়া নিরাপত্তা বাহিনীর সদস্যরা?

মিয়ানমারে বাংলাদেশ সীমান্ত-ঘেঁষা এলাকায় বিদ্রোহী গোষ্ঠীগুলোর সাথে সে দেশটির সেনাবাহিনীর যুদ্ধ এতটাই ভয়াবহ রূপ নিয়েছে যে দেশ ছেড়ে পালাতে শুরু করেছে মিয়ানমারের বাহিনী। এতদিন এই যুদ্ধকে মিয়ানমারের অভ্যন্তরীণ বিষয় বলা হলেও সীমান্ত পাড়ি দিয়ে সে দেশের একের পর এক সীমান্তরক্ষী বা সেনা সদস্যর অনুপ্রবেশের ঘটনায় উদ্বেগ বাড়ছে বাংলাদেশেও। মিয়ানমার ও বাংলাদেশের মধ্যেকার তুমব্রু ঘুমধুম সীমান্তের তিনটি স্থান দিয়ে রবিবার দুপুর থেকে বাংলাদেশে প্রবেশ করতে শুরু করে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনী বিজিপি-র সদস্যরা। রোববার রাত পর্যন্ত ৯৫ জন প্রবেশের তথ্য দিয়েছে বিজিবি সদর দপ্তর। এমন অবস্থায় সীমান্তের বাসিন্দাদের মাঝে উদ্বেগ দেখা যাচ্ছে। ঘুমধুম সীমান্তে বিজিবি ৩৪ ব্যাটেলিয়ানের অধিনায়ক আব্দুল্লাহ আল আশরোকি বিবিসি বাংলাকে বলেন,

"মূলত সীমান্তের তিনটি জায়গা থেকে মিয়ানমারের সিকিউরিটি ফোর্সের সদস্যরা বাংলাদেশে ঢুকছে। নিরাপত্তার স্বার্থে আমরা তাদের প্রথমেই কর্ডন ও অস্ত্র আলাদা করেছি। এবং তাদেরকে আমরা নিরাপদ স্থানে রেখেছি।" তাদেরকে দ্রুতই বাংলাদেশ থেকে ফেরত পাঠাতে চেষ্টা চলছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। রোববার তিনি জানিয়েছেন, "তাদের যাতে দ্রুত নিজ দেশে ফেরত পাঠানো যায় সে জন্য ইতোমধ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে যোগাযোগ করা হয়েছে মিয়ানমারের সাথে।" মিয়ানমারের অভ্যন্তরে বিদ্রোহী গোষ্ঠীগুলোর সাথে সে দেশের সেনাবাহিনীর যুদ্ধ চলছে কয়েক মাস থেকে। মিয়ানমারের সামরিক জান্তার দখলে থাকা অনেক শহর ও এলাকা বিদ্রোহীরা নিয়ন্ত্রণে নিয়েছে বলেও খবর আসছে।

থাইল্যান্ডে নির্বাসিত মিয়ানমার নাগরিকদের পরিচালিত সংবাদ মাধ্যম `ইরাবতী, রবিবার যে সংবাদ প্রচার করেছে সেখানে বলা হচ্ছে, বাংলাদেশের সীমান্ত সংলগ্ন মিয়ানমারের রাখাইন রাজ্যে দেশটির আরেকটি ব্যাটেলিয়ন দখলে নিয়েছে আরাকান আর্মির যোদ্ধারা। আরাকান আর্মির বরাত দিয়ে সংবাদ মাধ্যম ইরাবতী জানাচ্ছে, গত বুধবার রাখাইন রাজ্যের উপকূলীয় রামরি এলাকায় জান্তা বাহিনীর সঙ্গে তাদের লড়াই হয়। বঙ্গোপসাগরের ওই দ্বীপ শহরে আরাকান আর্মির যোদ্ধারা ঢোকার পর সেখানে জান্তা বাহিনীর অস্ত্র, গোলাবারুদ ও সৈনিকদের মৃতদেহ পড়ে থাকতে দেখেন তারা। সংবাদ মাধ্যমগুলো বলছে, আরাকান আর্মি ১৩ নভেম্বর রাখাইনে 'অপারেশন ১০২৭' শুরু করার পর সিতওয়ে-র নিকটবর্তী পাউকতাও শহর এবং চিন প্রদেশের পালেতাওয়া শহর-সহ ১৬০টি অবস্থান থেকে মিয়ানমার বাহিনীকে উৎখাত করেছে। এই ধারাবাহিকতায় গত জানুয়ারির শেষ দিকে বাংলাদেশ সীমান্তবর্তী রাখাইন ও আরাকান রাজ্যেও যুদ্ধ-পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করে। দু,পক্ষের সংঘাত এতটাই তীব্র আকার নেয় যে রোববার দুপুর থেকে মিয়ানমারের বিজিপি পালিয়ে বাংলাদেশে প্রবেশ করতে শুরু করে। ঘুমধুম সীমান্তে বিজিবি ৩৪ ব্যাটেলিয়ানের অধিনায়ক আব্দুল্লাহ আল আশরোকি বিবিসি বাংলাকে বলেন, তিনটি স্থান থেকে তারা বাংলাদেশে প্রবেশ করছে। এবং সেটি এখনো অব্যাহত রয়েছে, ফলে এই সংখ্যা প্রতিনিয়ত বাড়ছে। রবিবার মধ্যরাত থেকে গোলাগুলি শুরু হয় ঘুমধুম-তুমব্রু সীমান্তের ওপারে মিয়ানমার অংশে। ভোররাত থেকে এই পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করে। ওপারে গুলি ও মর্টার শেলের শব্দে কেঁপে ওঠে সীমান্তের বাংলাদেশ অংশও।

স্থানীয় সাংবাদিক আজিম নিহাদ বিবিসি বাংলাকে জানান, "রবিবার সকাল থেকে আমি তুমব্রুর পশ্চিমকূল মসজিদের পাশে অবস্থান করছিলাম। হঠাৎ দক্ষিণ পশ্চিম দিক থেকে একজনকে অস্ত্র নিয়ে বাংলাদেশ অংশে ঢুকতে দেখলাম। তার হাতে অস্ত্র ছিল, তবে গায়ে সামরিক পোশাক ছিল না। কিন্তু দেখে বোঝা যাচ্ছিল সে সীমান্ত-রক্ষী বাহিনীর সদস্য।" ঘুমধুম ও তুমব্রু সীমান্ত থেকে মিয়ানমারের সীমান্ত রক্ষা বাহিনীর পাহারা দেখা যায় স্পষ্টভাবে। এই অংশে ছোট বড় তিনটি ক্যাম্প রয়েছে সে দেশের সীমান্ত রক্ষী বাহিনীর। গত শনিবার পর্যন্ত সেগুলো জান্তা বাহিনীর নিয়ন্ত্রণেই ছিল। গণমাধ্যমকর্মী আজিম নিহাদ বিবিসি বাংলাকে জানান, "রবিবার সকাল থেকে দেখা যায় ৩৪ পিলার রাইট ক্যাম্পটি দখলে নিয়ে নিয়েছে বিদ্রোহী আরাকান আর্মি। এটি দখলের পর আরাকান আর্মি ঢেকিবুনিয়া ক্যাম্পের দিকে রওনা দিয়েছে তা এপার থেকে স্পষ্ট দেখা যাচ্ছে।" গোলাগুলির সময় কিছুক্ষণ পরপর মিয়ানমার সীমান্তে হেলিকপ্টারের মহড়া দেখা যাচ্ছে। যেগুলো ব্যবহার করছে মিয়ানমার সেনাবাহিনী। এই গোলাগুলির মধ্যেই কিছুক্ষণ পরপর দু/একজনকে গুলিবিদ্ধ অবস্থায় পড়ে যেতেও দেখা যাচ্ছে। কেউ কেউ আবার পালিয়ে আসছে বাংলাদেশ অংশে।

ঘুমধুম সীমান্তে বিজিবি ৩৪ ব্যাটেলিয়ানেরর অধিনায়ক আব্দুল্লাহ আল আশরোকি বিবিসি বাংলাকে বলেন, "আমাদের স্থানীয় বাসিন্দাদের সর্বোচ্চ নিরাপত্তার জন্য স্থান ত্যাগের কথা আগে থেকেই বলা হয়েছে। অন্যান্য প্রয়োজনীয় যে সকল ব্যবস্থা রয়েছে, সীমান্ত রক্ষার জন্য তা জোরদার করেছি।" স্থানীয়রা জানাচ্ছেন, সীমান্তের ওপারে গোলাগুলি চললেও তা এপাড়ে এসেও পড়ছে। এ ঘটনায় রবিবার সীমান্তের বাংলাদেশ অংশে একজন গুলিবিদ্ধ ও আরেকজন আহত হয়েছে। এমন অবস্থায় পুরো সীমান্ত এলাকার বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। বাড়িঘর ছেড়ে নিরাপদ আশ্রয়ে চলে গেছেন অনেকে। শনিবার রাতে মিয়ানমার থেকে ছোঁড়া একটি মর্টার শেল এসে পড়ে তুমব্রু সীমান্তের কোনারপাড়ার ইউনুছ ওরফে ভুলুর বাড়িতে। বাড়ির টিন ছিদ্র হয়ে মর্টার শেলটি ঘরের ভিতরে এসে পড়ে। তবে সে সময়ে পরিবারের সদস্যরা কেউ বাড়ি না থাকায় হতাহত হননি কেউই। এমন অবস্থায় ঘুমধুম ও তুমব্রু সীমান্তের কাছে পাঁচটি প্রাথমিক বিদ্যালয় এক দিনের জন্য বন্ধ ঘোষণা করা হয়। বন্ধ হওয়া স্কুলগুলো হলো বাইশপারী সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভাজাবনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, তুমব্রু সরকারি প্রাথমিক বিদ্যালয়, তুমব্রু পশ্চিমকুল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও রেজু গর্জন বুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। এগুলো সোমবারও বন্ধ রাখার কথা বিবিসিকে জানিয়েছেন বান্দরবানের নাইক্ষ্যংছড়ির উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাকারিয়া। বিবিসি বাংলাকে মি জাকারিয়া বলেন, "আরও তিনটা স্কুল স্ট্যান্ডবাই রাখা হয়েছে। অবস্থা খারাপ হলে সেগুলোও বন্ধ করে দেওয়া হবে। সেই সঙ্গে এসএসসি পরীক্ষার একটি কেন্দ্র সরানোর জন্য কাজ চলছে। পরিস্থিতি খারাপের দিকে গেলে কেন্দ্রও সরানো হবে।"

বাংলাদেশ মিয়ানমার সীমান্তের এমন পরিস্থিতিতে স্থানীয় জনপ্রতিনিধিদের মাধ্যমে সতর্ক করা হচ্ছে। কক্সবাজারের জেলা পুলিশ সুপার মাহফুজুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "এখানকার পরিস্থিতি উদ্বেগজক। বিজিবি তার শক্তি জোরদার করেছে। সীমান্ত বরাবর তাদের অবস্থান ধরে রেখেছে যেন কেউ প্রবেশ করতে না পারে।" মিয়ানমারের যুদ্ধ পরিস্থিতিতে চীনের কাছে সহযোগিতা চাওয়ার কথা বলছে বাংলাদেশ। রবিবার সচিবালয়ে ক্ষমতাসীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের গণমাধ্যমকে বলেন, "মিয়ানমারে যে যুদ্ধ পরিস্থিতি তৈরি হয়েছে তার আঁচ বাংলাদেশের সীমান্তে এসে পড়ছে। এর ফলে বাংলাদেশের সীমান্ত এলাকায় আতঙ্ক তৈরি হয়েছে। এ বিষয়ে চীনের সহযোগিতা কামনা করা হয়েছে। এ বিষয়ে সহযোগিতার জন্য ইতিবাচক সাড়াও দিয়েছে চীন।, ওবায়দুল কাদের আরও বলেন, "যুদ্ধটা তাদের অভ্যন্তরীণ। কিন্তু সীমান্তে গোলাগুলির আওয়াজ আমাদের এখানে যখন চলে আসে, স্বাভাবিক কারণে ভয়ভীতিও আসতে পারে। এজন্য চীনের হস্তক্ষেপ চেয়েছি।„ (বিবিসি ওয়েব পেজ: ০৫.০২.২০২৪ রিহাব)

## নির্বাচনের রাতে নোয়াখালীর সুবর্ণচরে গৃহবধূকে ধর্ষণ, ১০ জনের মৃত্যুদণ্ড

নোয়াখালীর সুবর্ণচরে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের রাতে একজন গৃহবধূকে দলবদ্ধ ধর্ষণের অভিযোগে করা মামলায় ১০ অভিযুক্তকে মৃত্যুদণ্ড দিয়েছে আদালত। অন্য ছয়জনকে যাবজ্জীবন কারাদণ্ড দেয়া হয়েছে। নোয়াখালীর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২ বিচারক ফাতেমা ফেরদৌস এ রায় ঘোষণা করেন। রায়ে আসামিদের প্রত্যেককে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। জরিমানা না দিলে আরও দুই বছরের কারাদণ্ড দেয়া হয়েছে। রাষ্ট্রপক্ষের আইনজীবী মোহাম্মদ মূর্তজা আলী পাটোয়ারি বিবিসি বাংলাকে জানান, রায়ের পর্যবেক্ষণে আদালত বলেছেন, "এ ধরনের অপরাধ সমাজের বিরুদ্ধে, নৈতিকতার বিরুদ্ধে। এ ঘটনায় শুধু ভিকটিম ক্ষতিগ্রস্ত হয়েছে তা নয়, বরং পুরো দেশ ক্ষতিগ্রস্ত হয়েছে। কঠোর শাস্তি না দিলে অপরাধ কমবে না। তাই এ রায় দেয়া হলো„। এ রায়ের মাধ্যমে এ ধরনের অপরাধ কমবে বলে আশা প্রকাশ করেছে নোয়াখালীর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ২। রায়ে সন্তোষ প্রকাশ করে দ্রুত কার্যকরের দাবি জানিয়েছে ভুক্তভোগীর পরিবার। তবে, আসামিপক্ষের আইনজীবী হারুন হাওলাদার রায়ে অসন্তোষ প্রকাশ করেছেন। রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে যাওয়ার কথা জানিয়েছেন তারা। রায় ঘোষণার দিনে আদালত প্রাঙ্গণে নিরাপত্তার জন্য অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

সকাল দশটার দিকে নোয়াখালি জেলা কারাগার থেকে ১৫ জন আসামিকে আদালতের হাজতখানায় আনা হয়। এর আগে গত ১৬ই জানুয়ারি রায়ের দিন নির্ধারণ থাকলেও রায় লেখার কাজ শেষ না হওয়ায় রায়ের দিন পেছানো হয়। মামলায় অভিযোগ করা হয়েছে, ২০১৮ সালের ৩০শে ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনের রাতে সুবর্ণচর উপজেলা আওয়ামী লীগের বহিষ্কৃত প্রচার সম্পাদক রুহুল আমিনের নেতৃত্বে স্বামী, সন্তানদের বেঁধে রেখে গৃহবধূকে সংঘবদ্ধ ধর্ষণ করা হয়। জাতীয় নির্বাচনের রাতে ওই ধর্ষণের ঘটনা ঘটায় এ নিয়ে ব্যাপক আলোচনা শুরু হয়। ভুক্তভোগী ওই নারী সেই সময় অভিযোগ করেছিলেন, ভোটকেন্দ্রে থাকা ব্যক্তিদের পছন্দের নৌকার প্রতীকে ভোট না দেয়ার রোষে ওই হামলা ও ধর্ষণের ঘটনা ঘটে। সে সময় বিবিসিকে তিনি বলেছেন, হামলাকারীদের সঙ্গে তার শত্রুতা ভোটের আরো আগে থেকেই ইউনিয়ন পরিষদ নির্বাচনের সময় থেকেই। ঘটনার পরদিন ভুক্তভোগী গৃহবধূর স্বামী বাদী হয়ে চরজব্বর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। পরের বছরের ২৭শে মার্চ তদন্ত শেষে রুহুল আমিন মেম্বারসহ ১৬ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দেয়া হয়। এ মামলায় ১৫ জন আসামি গ্রেপ্তার রয়েছে। এক আসামি মো. মিন্টু ঘটনার পর থেকেই পলাতক রয়েছে। ওই সময় ঘটনার পর থেকেই আওয়ামী লীগ বলেছিলো, দলীয়ভাবে তার কোন দায়িত্ব নেয়া হবে না। পরে দলটির সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ চৌধুরী জানান, একটি অপরাধকে রাজনৈতিক আবরণ দেয়ার কোন সুযোগ নেই। পরবর্তীতে দল থেকে বহিষ্কার করা হয় রুহুল আমিনকে। ওই ঘটনার পরে ২০২০ সালে ২রা সেপ্টেম্বর আবারো নোয়াখালির বেগমগঞ্জে একজন গৃহবধূকে বিবস্ত্র করে নির্যাতনের অভিযোগ ওঠে। ঘটনার প্রায় এক মাস পরে সেই নির্যাতনের ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়লে ব্যাপক সমালোচনার সৃষ্টি হয়। এ ঘটনায় ১৪ জনের বিরুদ্ধে অভিযোগ পত্র দেয় পুলিশ। বাংলাদেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী ধর্ষণের জের ধরে ২০২০ সালে নারী ও শিশু নির্যাতন দমন আইনে ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রাখা হয়। (বিবিসি ওয়েব পেজ: ০৫.০২.২০২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## বাংলাদেশে আশ্রয় নেয়া ৯৫ বিজিপি সদস্যের মধ্যে ২৭ জন আহত

বাংলাদেশ-মিয়ানমারের সীমান্তবর্তী রাখাইন রাজ্যে, মিয়ানমার নিরাপত্তা বাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির মধ্যে সংঘর্ষের মধ্যে বাংলাদেশ সীমান্তে আশ্রয় নিয়েছে বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) আরো ৩৭ সদস্য। এ নিয়ে, সোমবার (৫ ফেব্রুয়ারি) সকাল পর্যন্ত বাংলাদেশে আশ্রয় নেয়া বিজিপি সদস্যের সংখ্যা ৯৫ জনে দাঁড়িয়েছে। এদের মধ্যে আহত অবস্থায় আশ্রয় নিয়েছে ২৭ জন। বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদর দপ্তর এ তথ্য নিশ্চিত

করেছে। বিজিবি সদর দপ্তরের জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম জানান, সোমবার সকাল পর্যন্ত বাংলাদেশে আশ্রয় নেয়া বিজিপি সদস্যের সংখ্যা ৯৫ জনে দাঁড়িয়েছে। বিজিবি সদস্যদের নিরস্ত্র করে নিরাপদ আশ্রয়ে রাখা হয়েছে বলে জানান তিনি। বলেন, ”এ বিষয়ে পরবর্তী ববস্থা নেয়ার প্রক্রিয়া চলছে। এর বাংলাদেশে আশ্রয় নেয়া ৫৮ বিজিপি সদস্যের মধ্যে আহত অবস্থায় এসেছেন ২৭ জন। তারা বিদ্রোহীদের আক্রমণে তুমব্রু বিজিবি ক্যাম্পে আশ্রয় নিয়েছেন। তাদের মধ্যে ২ জন গুরুতর আহত। এই দুজনকে কক্সবাজার সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

অন্যদিকে সীমান্তে থাকা ৪ জন বাংলাদেশি নাগরিক গুলিবিদ্ধ হয়েছেন বলে জানিয়েছে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি। ঘুমধুম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান একেএম জাহাঙ্গীর আজিজ জানান, সীমান্তে স্থানীয়দের মধ্যে গুলিবিদ্ধ হয়েছেন শামসুল আলম, টিটু, পবিন্দ্র ধর ও রহিমা বেগম। রবিবার (৪ ফেব্রুয়ারি) স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, গত কয়েকদিন ধরে মিয়ানমারের অভ্যন্তরে দেশটির সেনাবাহিনী ও সশস্ত্র গোষ্ঠীগুলোর মধ্যে ভয়াবহ সংঘর্ষ চলছে। উচ্চ ক্ষমতাসম্পন্ন গোলাবারুদ ও বিস্ফোরক ব্যবহার করা হয়েছে এবং এসব গোলাগুলি ও বিস্ফোরণের কারণে ঘুমধুমের সীমান্ত এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। ঘুমধুম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান একেএম জাহাঙ্গীর আজিজ জানান, জিরো লাইনে পড়ছে গুলির খোসা ও মর্টার শেল। ফলে তার ইউনিয়নের সীমান্তবর্তী তুমব্রু, বাইশ ফাড়ি, ভাজা বনিয়া সীমান্ত পয়েন্টের বাসিন্দারা এখন চরম আতঙ্কে রয়েছেন। তিনি আরো জানান, একটি মর্টার শেলের অংশ একটি বসত বাড়ির ওপরে পড়ায় দুটি গ্রামের বাসিন্দারা চলে গেছেন। চলমান পরিস্থিতির কারণে অনেক কৃষক তাদের ফসলি জমিতে যেতে ভয় পাচ্ছেন। উৎপাদিত ফসল জমি থেকে কাটতে না পারায় জমিতে নষ্ট হচ্ছে বলে জানান চেয়ারম্যান একেএম জাহাঙ্গীর আজিজ।

মিয়ানমারের অভ্যন্তরে সীমান্তরক্ষী বাহিনী ও বিদ্রোহীদের মধ্যে চলমান সংঘর্ষের জের ধরে বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার সীমান্তবর্তী ঘুনধুম ইউনিয়নের ৫টি প্রাথমিক বিদ্যালয়, একটি মাধ্যমিক বিদ্যালয় এবং একটি মাদরাসা বন্ধ ঘোষণা করা হয়েছে। রবিবার (৪ ফেব্রয়ারি) নাইক্ষ্যংছড়ি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) শান্তনু কুমার দাশ সাংবাদিকদের এই তথ্য জানান। বিদ্যালয়গুলো হলো; তমরু সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভাজা বুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাইশ ফাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়, তমরু পশ্চিম সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ ঘুমধুম সরকারি প্রাথমিক বিদ্যালয়, ঘুমধুম উচ্চ বিদ্যালয় এবং মিশকাতুল নবী দাখিল মাদরাসা। নাইক্ষ্যংছড়ি উপজেলা শিক্ষা কর্মকর্তা ত্রিরতন চাকমা জানান, প্রাণভয়ে এলাকাবাসী নিরাপদ আশ্রয়ে সরে যাওয়ায় স্কুলগুলো শিক্ষার্থীশূন্য হয়ে পড়েছে। এদিকে, কয়েকটি ওয়াকিফহাল সূত্র রবিবার জানায়, বাংলাদেশ মিয়ানমার সীমান্তের কাছে, তুমব্রু রাইট ক্যাম্প ও ডেকুবুনিয়া ক্যাম্পের কাছাকাছি এলাকায়, বিদ্রোহী আরাকার আর্মি এবং মিয়ানমারের সরকারি বাহিনীর মধ্যে গুলি বিনিময় হয় এবং বোমা বর্ষণের ঘটনা ঘটে। শনিবার (৩ ফেব্রয়ারি) দিবাগত রাত ৩টা থেকে রবিবার (৪ ফেব্রয়ারি) বিকেল পর্যন্ত বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ও তুমব্রু সীমান্তে থেমে থেমে গুলি ও বোমা বর্ষণ হয়েছে। বেশ কয়েকটি গুলি ও মর্টার শেল এসে পড়েছে বাংলাদেশের ভূখণ্ডে; তুমব্রু কোনার পাড়া, মাঝের পাড়া ও বাজার পাড়ায়। এর ফলে, আতঙ্কে ঘর ছেড়েছে ৩ গ্রামের মানুষ। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ৩ জন। এসময় কোনার পাড়ার কয়েকটি ঘর-বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। বিদ্রোহী গ্রুপ আরকান আর্মির ব্যাপক গুলি বর্ষণের সামনে টিকতে না পেরে মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ বিজিপি,র সদস্যরা বাংলাদেশের ভূখণ্ডে আশ্রয় নিয়েছে। শনিবার রাত ৩ টা থেকে ব্যাপক গুলি বর্ষনের পাশাপাশি, মর্টার শেল নিক্ষেপ ও মিয়ানমার সেনাবাহিনীর যুদ্ধ হেলিকপ্টার থেকে গোলা বর্ষন করা হয়। এতে বাংলাদেশের সীমান্ত এলাকার বাজার ঘাট বন্ধ হয়ে যায়। মিয়ানমারের তুমব্রু রাইট ক্যাম্পের চার পাশে বিদ্রোহী গ্রুপ আরকান আর্মি ঘিরে রেখেছে এবং বর্ডার অবজারভেশন পোষ্ট আরকান আর্মি দখলে নিয়েছে বলেও বিভিন্ন সূত্র জানিয়েছে। ঘুমধুম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর আজিজ জানিয়েছেন, অপ্রীতিকর ঘটনা এড়াতে সীমান্ত এলাকার স্কুলগুলো সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশনা দেয়া হয়েছে। এদিকে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি নিরাপত্তা বাড়িয়েছে সীমান্তে। নিরাপত্তা চৌকিগুলোতে সদস্য সংখ্যা বাড়ানো হয়েছে; টহল বৃদ্ধি করা হয়েছে। সর্বোচ্চ সতর্ক অবস্থায় রয়েছে বিজিবি।

বান্দরবানের জেলা প্রশাসক শাহ মুজাহিদ উদ্দিন জানিয়েছেন, সীমান্তে যাতে অপ্রীতিকর ঘটনা না ঘটে, সেজন্য সর্বোচ্চ ব্যবস্থা নেয়া হয়েছে প্রশাসনের পক্ষ থেকে। স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনের কর্মকর্তাদের সীমান্তের দিকে নজর রাখতে পরামর্শ দেয়া হয়েছে বলেও জানান তিনি। উল্লেখ্য, মিয়ানমারের বিচ্ছিন্নতাবাদী সংগঠন আরাকান আর্মির সাথে সে দেশের সেনাবাহিনীর মধ্যে তুমুল সংঘর্ষ শুরু হয় কয়েক সপ্তাহ আগে। এ সংঘর্ষের জের ধরে গত এক সপ্তাহের বেশি সময় ধরে বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ও তুমব্রু সীমান্তেও উত্তেজনা দেখা দেয়। বিদ্রোহীরা দখল করে নেয় মিয়ানমার নিরাপত্তা বাহিনীর তুমব্রু ক্যাম্প। এখনো সীমান্তে উত্তেজনা বিরাজ করছে। মানুষ ঘরবাড়ি ছেড়ে নিরাপদ আশ্রয় নিয়েছে আত্মীয় স্বজনের বাড়িতে। স্থানীয় ইউপি সদস্য দীল মোহাম্মদ জানান ৩ গ্রামের হাজারো মানুষ গত রাত (৩ ফেব্রয়ারি) থেকে বসতবাড়ি ছেড়ে অন্যত্র আশ্রয় নিয়েছে।

(ভোয়া ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ এলিনা)

## হেফাজত নেতা মামুনুলের ২ মামলায় জামিন বহাল রাখলো আপিল বিভাগ

সাবেক কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব মাওলানা মামুনুল হককে হাইকোর্টের দেয়া জামিন বহাল রেখেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। বাংলাদেশের কওমি মাদরাসা ভিত্তিক সংগঠন হেফাজতে ইসলামের সাবেক কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব মাওলানা মামুনুল হককে হাইকোর্টের দেয়া জামিন বহাল রেখেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। নারায়ণগঞ্জের সোনারগাঁও থানায় আওয়ামী লীগের অফিস ভাঙচুর করার অভিযোগে দায়ের করা দু,টি মামলায় জামিন বহাল রাখার এই সিদ্ধান্ত দিলো আপিল বিভাগ। সোমবার (৫ জানুয়ারি) প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বে ৬ বিচারপতির আপিল বেঞ্চ এ আদেশ দেয়। আদালতে মামুনুল হকের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট জয়নুল আবেদীন। সঙ্গে ছিলেন অ্যাডভোকেট এ আর রায়হান। রাষ্ট্রপক্ষে ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল সাইফুল আলম। পরে জয়নুল আবেদীন সাংবাদিকদের জানান, প্রায় তিন বছর থেকে জেলে আছেন মামুনুল হক। এ দু,টি মামলায় এখনো পুলিশ অভিযোগ পত্র দাখিল করেনি। ফলে তিনি জামিন পেতে পারেন। এই প্রেক্ষাপটে পরে আপিল বিভাগ তার জামিন বহাল রেখেছে।

গত ২০২১ সালের ৩ এপ্রিল নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে রয়েল রিসোর্টের একটি কক্ষে মামুনুল হককে এক নারীসহ অবরুদ্ধ করে স্থানীয় ছাত্রলীগ-যুবলীগসহ লোকজন। পরে পুলিশ গিয়ে মামুনুল হককে জিজ্ঞাসাবাদ করার সময় খবর পেয়ে হেফাজত ও মাদরাসার ছাত্ররা ওই রিসোর্টে হামলা চালিয়ে ভাঙচুর চালায় এবং তাকে পুলিশের কাছ থেকে ছিনিয়ে নেয়। এর পর, হেফাজতের নেতা–কর্মীরা ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে শতাধিক গাড়ি ভাঙচুর করে এবং টায়ার জ্বালিয়ে সড়ক অবরোধ করে। এসময় স্থানীয় আওয়ামী লীগ কার্যালয়ে ভাঙচুর করে তারা। একই বছরের ১৮ এপ্রিল মামুনুল হককে মোহাম্মদপুরের জামিয়া রাহমানিয়া আরাবিয়া মাদরাসা থেকে ঢাকা মহানগর পুলিশ গ্রেপ্তার করে। রয়েল রিসোর্ট ঘটনার ২৭ দিন পর, ২০২১ সালের ৩০ এপ্রিল সোনারগাঁ থানায় হাজির হয়ে কথিত স্ত্রী জান্নাত আরা নারী ও শিশু নির্যাতন আইনে মামুনুল হকের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এনে মামলা করেন। এছাড়া, নারায়ণগঞ্জে আওয়ামী লীগ কার্যালয়ে ভাঙচুর, রয়েল রিসোর্টে ভাঙচুরসহ বেশ কিছু অভিযোগে পৃথক মামলা হয় মামুনুলের বিরুদ্ধে। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সফর ঘিরে সহিংসতা ও রিসোর্ট-এর ঘটনায় রাজধানীর পল্টন থানা ও নারায়ণগঞ্জের সোনারগাঁ থানায় দু,টি মামলা হয় মামুনুল হকের বিরুদ্ধে। পরে তাকে বিভিন্ন মামলায় গ্রেপ্তার দেখানো হয়। গত বছরের ৯ মে বিচারপতি মো. হাবিবুল গনি ও বিচারপতি আহমেদ সোহেলের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ নারায়ণগঞ্জের সোনাগাঁও থানায় করা দুই মামলায় মামুনুল হককে জামিন দেয়। রাষ্ট্রপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে, গত বছরের ১০ মে এই দুই মামলায় জামিন স্থগিত করে আপিল বিভাগের চেম্বার আদালত। এর পর, আপিল বিভাগের নিয়মিত বেঞ্চে মামলাগুলো শুনানির জন্য ওঠে। তারই ধারাবাহিকতায় সোমবার আপিল বিভাগ দু,টি মামলায় তার জামিন বহাল রাখে। (ভোয়া ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ এলিনা)

## সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের মনোনয়ন ফরম সংগ্রহ ও জমা শুরু মঙ্গলবার

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে ক্ষমতাসীন আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশীদের, ৬ থেকে ৮ ফেব্রুয়ারির মধ্যে মনোনয়ন ফরম সংগ্রহ করে জমা দিতে বলা হয়েছে। রবিবার (৪ ফেব্রুয়ারি) রাতে আওয়ামী লীগের দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়ার সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৪টার মধ্যে মনোনয়ন প্রত্যাশীরা ফরম সংগ্রহ ও জমা দিতে পারবেন। প্রার্থীদের ২৩ বঙ্গবন্ধু এভিনিউয়ে, বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের প্রশাসনিক বিভাগ থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করে তা জমা দিতে বলা হয়েছে। কেন্দ্রীয় কার্যালয়ের দ্বিতীয় তলায় ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের মনোনয়ন ফরম বিতরণ করা হবে; আর, তৃতীয় তলা থেকে রংপুর, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের মনোনয়ন ফরম সংগ্রহ করা যাবে; জানানো হয় বিজ্ঞপ্তিতে। সব বিভাগের ফরম জমা দিতে হবে অফিসের নিচতলায়। মনোনয়ন প্রত্যাশী নিজে অথবা তার উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে মনোনয়নপত্র সংগ্রহ ও জমা দিতে হবে। আর, অতিরিক্ত লোক সমাগম না করার নির্দেশ দেয়া হয়েছে মনোনয়ন প্রত্যাশীদের।

(ভোয়া ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ এলিনা)

## বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ এখন দুই হাজার কোটি ডলারের নিচে

জানুয়ারি শেষে বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২,০০০ কোটি (২০ বিলিয়ন) ডলারের নিচে নেমে এসেছে। এ তথ্য জানা গেছে কেন্দ্রীয় ব্যাংকের সর্বশেষ প্রকাশিত প্রতিবেদনে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) হিসাব পদ্ধতি অনুযায়ী ৩১ জানুয়ারি বৈদেশিক মুদ্রার রিজার্ভ দাঁড়ায় ১,৯৯৪ কোটি ডলার। আর, গত ৩১ ডিসেম্বর রিজার্ভ ছিলো ১,৭২০ কোটি ডলার। বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক বলছে, জানুয়ারি শেষে মোট রিজার্ভের পরিমাণ ছিল ২,৫০৯ কোটি ডলার। আইএমএফের ব্যালেন্স অফ পেমেন্ট অ্যান্ড ইনভেস্টমেন্ট পজিশন ম্যানুয়াল পদ্ধতিতে করা হিসাব অনুযায়ী রিজার্ভ তাৎক্ষণিকভাবে ব্যবহারযোগ্য; অন্যদিকে, বিনিয়োগের আদায়

সাপেক্ষে মোট রিজার্ভও ব্যবহারযোগ্য। বাংলাদেশের মতো একটি ক্রমবর্ধমান অর্থনীতির জন্য ছয় মাসের আমদানি ব্যয়ের সমপরিমাণ বৈদেশিক মুদ্রার রিজার্ভ যথেষ্ট বলে মনে করা হয়। কেন্দ্রীয় ব্যাংকের কর্মকর্তারা বলছেন, বিদ্যমান রিজার্ভ দিয়ে বাংলাদেশ প্রায় চার মাসের আমদানি বিল পরিশোধ করতে সক্ষম। গত ২০২১ সালের আগস্টে, বাংলাদেশের মোট বৈদেশিক মুদ্রার রিজার্ভ ছিলো ৪,৮০০ ডলার। বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়ানোর লক্ষ্যে, সাম্প্রতিক বছরগুলোতে বিদেশে অবস্থানরত ও কর্মরত লাখ লাখ প্রবাসীর কাছ থেকে রেমিট্যান্স আকৃষ্ট করতে, বিধি শিথিলসহ বিভিন্ন পদক্ষেপ নিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। (ভোয়া ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ এলিনা)

## অনুপ্রবেশের চেষ্টাকালে এক পরিবারের ৪ জনকে পুশব্যাক করেছে বিজিবি

বাংলাদেশের কক্সবাজার জেলার টেকনাফ সীমান্ত দিয়ে অনুপ্রবেশের চেষ্টা করলে, একটি রোহিঙ্গা পরিবারের ৪ জনকে পুশব্যাক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। সোমবার (৫ ফেব্রুয়ারি) দুপুরের দিকে টেকনাফের হোয়াইক্যাং উলুবনিয়া পয়েন্ট দিয়ে রোহিঙ্গারা অনুপ্রবেশের চেষ্টা করে। এসময় তাদের পুশব্যাক করা হয়। এ তথ্য নিশ্চিত করেছেন বিজিবির টেকনাফ ব্যাটালিয়নের অধিনায়ক, লেফটেন্যান্ট কর্নেল মহিউদ্দীন আহমেদ। তিনি জানান, হোয়াইক্যাং উলুবনিয়া পয়েন্ট দিয়ে একটি রোহিঙ্গা পরিবার অনুপ্রবেশের চেষ্টা করে। ”পরে, বিজিবি তাদের পুশব্যাক করে। সীমান্ত দিয়ে বাংলাদেশে রোহিঙ্গা অনুপ্রবেশ ঠেকাতে বিজিবি কঠোর অবস্থানে রয়েছে;„ জানান লেফটেন্যান্ট কর্নেল মহিউদ্দীন আহমেদ। হোয়াইক্যাং এলাকার বাসিন্দা মোহাম্মদ ফাহিম বলেন, মিয়ানমারের অভ্যন্তরে কয়েকদিন ধরে সংঘর্ষ চলছে। এ কারণে কিছু রোহিঙ্গা বাংলাদেশ সীমান্তে অবস্থান করছিলো। তিনি আরো জানান, ”সোমবার দুপুরের দিকে রোহিঙ্গা পরিবারটি অনুপ্রবেশের চেষ্টা করলে, বিজিবি তাদের আটকে দেয়। আমরা কিছু জেলের কাছ থেকে শুনেছি, শতাধিক রোহিঙ্গা সীমান্তের কাছাকাছি অবস্থান করছে।„ নতুন করে মিয়ানমার থেকে কাউকে বাংলাদেশে অনুপ্রবেশের সুযোগ দেয়া হবে না বলে জানান শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার মিজানুর রহমান।
(ভোয়া ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ এলিনা)

## বিএনপি নেতা মির্জা আব্বাস ৬ মামলায় জামিন পেলেন, ৩টিতে নামঞ্জুর

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস ৬টি মামলায় জামিন পেয়েছেন। আর, ৩ টি মামলার জামিন আবেদন নামঞ্জুর করেছে আদালত। রাজধানী ঢাকার পল্টন থানা ও রমনা মডেল থানায় এই মামলাগুলো দায়ের করা হয়েছিলো। এছাড়া, পল্টন থানা ও রমনা মডেল থানায় দায়ের করা পৃথক দুই মামলায় জামিন পেয়েছেন বিএনপি মিডিয়া সেলের আহ্বায়ক জহির উদ্দিন স্বপন। সোমবার (৫ ফেব্রুয়ারি) ঢাকার অ্যাডিশনাল চিফ মেট্রোপলিটন মো. সুলতান সোহাগ উদ্দিন শুনানি শেষে এ আদেশ দেন। মির্জা আব্বাসের পক্ষে জামিন শুনানি করেন; আইনজীবী জয়নুল আবেদীন ও সৈয়দ জয়নুল আবেদীন মেজবাহ। রাষ্ট্রপক্ষ তাদের জামিন আবেদনের বিরোধিতা করে। মির্জা আব্বাসের আইনজীবী মহি উদ্দিন জানান, উভয়পক্ষের শুনানি শেষে আদেশ কিছুক্ষণ অপেক্ষমাণ রাখে আদালত; পরে এ আদেশ দেয়া হয়। এর আগে গত ১ ফেব্রুয়ারি মির্জা আব্বাসকে ৯ মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন মঞ্জুর করেন আদালত। গত ৩১ অক্টোবর রাতে ঢাকার শহীদবাগ থেকে মির্জা আব্বাসকে গ্রেপ্তার করে গোয়েন্দা পুলিশ। এরপর থেকে তিনি কারাগারে রয়েছেন।
(ভোয়া ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ এলিনা)

## মিয়ানমার সীমান্তে উত্তেজনায় উদ্বেগ প্রকাশ, সরকারের সমালোচনায় বিএনপি

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি মিয়ানমার সীমান্তে চলমান উত্তেজনায় উদ্বেগ প্রকাশ করেছে। আর, ক্ষমতাসীন আওয়ামী লীগের নতজানু পররাষ্ট্রনীতির কারণে বাংলাদেশের সীমান্ত অরক্ষিত হয়ে পড়েছে উল্লেখ করে সরকারের সমালোচনা করেছে। সোমবার (৫ ফেব্রুয়ারি) নয়াপল্টনের কেন্দ্রীয় কার্যালয়ে, এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সীমান্তে অপ্রীতিকর ঘটনার জোরালো প্রতিবাদ জানাতে না পারায় বাংলাদেশের সার্বভৌমত্ব ও প্রতিপত্তি রক্ষায় সরকারের অঙ্গীকার নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

রিজভী বলেন, ”আমাদের সীমান্ত এখন অরক্ষিত। সরকারের নতজানু নীতির কারণে সেখানে রক্ত ঝরছে।„ ”একটি দেশের সার্বভৌমত্ব তখনই দুর্বল হয় যখন সে সরকার অন্য দেশের আজ্ঞাবহ হয়। দেশ তখনই নিরাপত্তাহীনতায় ভোগে, যখন তার সরকারকে অন্য দেশ সম্মান করে না এবং সরকার যখন সার্বভৌমত্ব ও স্বাধীনতা রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ না হয়;„ উল্লেখ করেন রুহুল কবির রিজভী। সরকার বাংলাদেশের সার্বভৌমত্বকে দুর্বল করায়, মিয়ানমার সীমান্তে গোলযোগ সৃষ্টি করার দুঃসাহস দেখাচ্ছে বলে উল্লেখ করেন তিনি। জিয়াউর রহমান ও খালেদা জিয়ার শাসনামলে সীমান্তে মিয়ানমার উত্তেজনা সৃষ্টি করতে পারেনি বলে দাবি করেন রিজভী। তিনি জানান, কারণ তারা যেকোনো উসকানির উপযুক্ত জবাব দিয়েছেন এবং যেকোনো অপ্রীতিকর ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়েছেন। বর্তমান সরকারের সেই সক্ষমতা ও জনসমর্থন না থাকায়, আওয়াজ তুলতে ও প্রতিবাদ করতে ভয় পায় বলে উল্লেখ করেন রিজভী। তিনি বলেন, ”অন্য কোনো দেশ যখন আমাদের সার্বভৌমত্ব বিপন্ন করছে, তখন তাদের (সরকারের)

জনসমর্থন না থাকায় তারা কিছুই করতে পারছে না। তারা ক্ষমতা দখল করে এবং জনগণকে জিম্মি করে অন্যের আধিপত্য মেনে নিয়েছে।„ (ভোয়া ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ এলিনা)

## নিরাপত্তা বাহিনীকে ধৈর্য ধরার নির্দেশ দিয়েছেন শেখ হাসিনা, জানালেন আইনমন্ত্রী

মিয়ানমারের সরকারি বাহিনী ও বিদ্রোহীদের মধ্যে সাম্প্রতিক বিরোধপূর্ণ পরিস্থিতিতে, বাংলাদেশের সশস্ত্র বাহিনী ও আধা সামরিক সীমান্তরক্ষী বাহিনীকে ধৈর্য ধরার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার (৫ ফেব্রুয়ারি) জাতীয় সংসদে বিরোধীদলীয় চিফ হুইপ মুজিবুল হক চুন্নুর এক সম্পূরক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের অনুপস্থিতিতে আইনমন্ত্রী আনিসুল হক এ কথা জানান। আনিসুল হক জানান ”বাংলাদেশ নিবিড়ভাবে পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং এ বিষয়ে পদক্ষেপ নেয়া হবে।„ আইনমন্ত্রী সংসদে জানান যে সোমবার মিয়ানমার বর্ডার পুলিশের প্রায় ৭৮ জন সদস্য বাংলাদেশে প্রবেশ করেছে। তাদের মধ্যে কয়েকজন আহত বলেও জানান তিনি। এসব বিজিপি সদস্যকে একটি স্কুলে রাখা হয়েছে বলে জানান তিনি। বলেন, ”আহতদের চিকিৎসা দেয়া হয়েছে।„ আইনমন্ত্রী আনিসুল হক আরো বলেন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মিয়ানমারের সঙ্গে সংলাপ শুরু করে তাদের ফেরত পাঠানোর নির্দেশনা দেয়া হয়েছে। তিনি বলেন, ”তাদের ফেরত পাঠাতে না পারলে পরবর্তী পদক্ষেপ নেয়া হবে।„ ”মিয়ানমারের বিষয়ে সরকার জানে এবং মিয়ানমার সীমান্তের কাছাকাছি এলাকায় স্কুল বন্ধ করার পদক্ষেপ নেয়া হয়েছে;„ যোগ করেন আইনমন্ত্রী আনিসুল হক।

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের সীমান্তবর্তী পাঁচটি সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে। বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত এলাকায় চলমান অস্থিরতার কারণে শিক্ষক-শিক্ষার্থীদের নিরাপত্তা বিবেচনায় এই সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সোমবার (৫ ফেব্রুয়ারি) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব আক্তারুন্নাহার সাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, সাময়িকভাবে বন্ধ থাকা পাঁচটি সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো হলো; বাইশপারি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভাজবনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, তুমব্রু সরকারি প্রাথমিক বিদ্যালয়, পশ্চিমকুল তুমব্রু সরকারি প্রাথমিক বিদ্যালয় ও দক্ষিণ ঘুমধুম সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিস্থিতির উন্নতি হলে, বান্দরবান পার্বত্য জেলা কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,এসব বিদ্যালয়ে খুলতে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।
(ভোয়া ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ এলিনা)

## ড. ইউনূসকে বিদেশ যেতে হলে আদালতের অনুমতি নিতে হবে, হাইকোর্টের আদেশ

শ্রম আইন লঙ্ঘনের মামলায় নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসসহ সাজাপ্রাপ্ত চারজনের বিদেশ যাওয়ার ক্ষেত্রে আদালতের অনুমতি নিতে হবে বলে আদেশ দিয়েছে বাংলাদেশের উচ্চ আদালত। সোমবার (৫ ফেব্রুয়ারি) বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি কাজী ইবাদত হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেয়। আদালতে, বাদীর আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী খুরশীদ আলম খান। ড. ইউনূসের পক্ষে ছিলেন আইনজীবী আব্দুল্লাহ আল মামুন। গত ১ জানুয়ারি ড. ইউনূসসহ চারজনকে ছয় মাস করে কারাদণ্ড দেন ঢাকার তৃতীয় শ্রম আদালতের বিচারক বেগম শেখ মেরিনা সুলতানা। একই সঙ্গে প্রত্যেককে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। সাজাপ্রাপ্ত অপর তিনজন হলেন; গ্রামীণ টেলিকমের সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) আশরাফুল হাসান, পরিচালক নুর জাহান বেগম ও মো. শাহজাহান। পরে, এই রায়ের বিরুদ্ধে শ্রম আপিল ট্রাইব্যুনালে আপিল করেন ড. ইউনূস এবং অন্য দণ্ডপ্রাপ্ত ব্যক্তিরা। একই সঙ্গে জামিন চান তারা। শুনানি নিয়ে, গত ২৮ জানুয়ারি ড. মুহাম্মদ ইউনূস সহ চারজনকে জামিন দেন শ্রম আপিল ট্রাইব্যুনাল। একই সঙ্গে, শ্রম আদালতের দেয়া সাজার রায়ের কার্যকারিতা স্থগিত করে আদালত। শ্রম আপিল ট্রাইব্যুনালের চেয়ারম্যান এম এ আউয়াল আপিল শুনানির জন্য আগামী ৩ মার্চ তারিখ ধার্য করেন। এই আদেশ বাতিল চেয়ে, হাইকোর্টে রিভিশন আবেদন করে সরকারের কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। সেই আবেদনের ওপর সোমবার শুনানি অনুষ্ঠিত হয়।

বাংলাদেশে ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে করা মামলাগুলোর আপিল চলার সময় একটি স্বচ্ছ ও ন্যায়সম্মত আইনি প্রক্রিয়া অনুসরণ নিশ্চিত করার ব্যাপারে বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতর। দুদকের একটি মামলার চার্জশিট আদালতে জমা দেয়া ও তার বিরুদ্ধে করা শ্রম আইনে চলমান মামলাগুলোর বিষয়ে যুক্তরাষ্ট্রের প্রতিক্রিয়া জানতে চেয়ে ভয়েস অফ আমেরিকা বাংলার পাঠানো এক ইমেইলের জবাবে, শুক্রবার যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতরের এক মুখপাত্র এ আহ্বান জানান। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতরের মুখপাত্র বলেন, ”আমরা (যুক্তরাষ্ট্র) লক্ষ্য করেছি, শ্রম আইনের অধীনে তার বিরুদ্ধে দায়ের করা মামলা অস্বাভাবিক দ্রুততার সাথে পরিচালিত হয়েছে।” বৃহস্পতিবার (১ ফেব্রুয়ারি) গ্রামীণ টেলিকমের কর্মীদের লভ্যাংশের ২৫ কোটি ২২ লাখ টাকা আত্মসাতের অভিযোগে ড. মুহাম্মদ ইউনূসসহ ১৪ জনের বিরুদ্ধে আদালতে দুর্নীতি দমন কমিশন (দুদক)-এর অভিযোগপত্র জমা দেয়া সম্পর্কে মুখপাত্র বলেন, তারা লক্ষ্য করেছেন, ”দুর্নীতি দমন কমিশন অতিরিক্ত মামলাগুলির জন্য একটি চার্জশিট অনুমোদন করেছে যা বিশ্বজুড়ে ব্যাপকভাবে নিন্দিত হচ্ছে।” এ বিষয়ে অন্যান্য আন্তর্জাতিক পর্যবেক্ষকদের মত

যুক্তরাষ্ট্রও উদ্বিগ্ন যে, "এই মামলাগুলি ড. ইউনূসকে হয়রানি ও ভীতি প্রদর্শনের জন্য বাংলাদেশের শ্রম আইনের অপব্যবহার হিসাবে প্রতীয়মান হতে পারে।" মুখপাত্র তার প্রতিক্রিয়ায় আরো বলেন, "শ্রম ও দুর্নীতিবিরোধী আইনের অপপ্রয়োগ হচ্ছে বলে যে ধারণা সৃষ্টি হচ্ছে তা বাংলাদেশে আইনের শাসন জারি থাকার ব্যাপারে প্রশ্ন জাগাতে ও ভবিষ্যৎ বৈদেশিক বিনিয়োগকে নিরুৎসাহিত করতে পারে বলে বাংলাদেশের এক গুরুত্বপূর্ণ অর্থনৈতিক অংশীদার হিসেবে আমরা উদ্বিগ্ন।" (ভোয়া ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ এলিনা)

## বাংলাদেশে পালিয়ে আসা বিজিপি সদস্য সংখ্যা ১০৬, জানিয়েছে বিজিবি

মিয়ানমারের সেনাবাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির মধ্যে সংঘর্ষের ঘটনায় দেশটির বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) আরো ১১ সদস্য বাংলাদেশে পালিয়ে এসেছে। এ নিয়ে বাংলাদেশে আশ্রয় নেয়া বিজিপি সদস্যের সংখ্যা দাঁড়ালো ১০৬ জনে। বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম জানান, মিয়ানমারের অভ্যন্তরে চলমান সংঘর্ষের কারণে বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার তুমব্রু সীমান্ত দিয়ে এ পর্যন্ত ১০৬ জন বিজিপি সদস্য অস্ত্র ও গোলাবারুদ নিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। এর আগে, সোমবার (৫ ফেব্রয়ারি) স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জানিয়েছেন, মিয়ানমার নিরাপত্তা বাহিনীর ১৪ সদস্য আশ্রয় নিতে বাংলাদেশের জলসীমায় প্রবেশের পর তাদের আটক করা হয়। কূটনৈতিক প্রক্রিয়া অনুসরণ করে তাদের ফেরত পাঠানো হবে বলে জানান তিনি। শরিফুল ইসলাম জানান, রবিবার (৪ ফেব্রয়ারি) সকাল থেকে মিয়ানমারের বর্ডার গার্ড ফোর্সের (বিজিপি) সদস্যরা বাংলাদেশে আশ্রয় নিতে শুরু করেছে। রবিবার সন্ধ্যা পর্যন্ত পালিয়ে আসা বিজিপি সদস্যের সংখ্যা ছিলো ৩৯ জন; রাত ৮টা পর্যন্ত এ সংখ্যা দাঁড়ায় ৫৮ জনে এবং রাত ৮টার পর আরো ৩৮ জন এসেছেন। এছাড়া রবিবার আহত ১৫ বিজিপি সদস্যের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে; জানান বিজিবির জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম। জাতিগত সংখ্যালঘু রাখাইন আন্দোলনের প্রশিক্ষিত ও সুসজ্জিত সামরিক শাখা আরাকান আর্মি, যা মিয়ানমারের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে স্বায়ত্তশাসন চায়। এটি সশস্ত্র জাতিগত গোষ্ঠীর একটি জোটের সদস্য। এরা সম্প্রতি মিয়ানমারের উত্তর-পূর্বাঞ্চলে একটি কৌশলগত অঞ্চল প্রতিষ্ঠা করেছে।

মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি এবং তা,আং ন্যাশনাল লিবারেশন আর্মির সঙ্গে থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স নামে একত্রে কাজ করে আরাকান আর্মি। এই জোট, ২০২৩ সালের ২৭ অক্টোবর চীন সীমান্তবর্তী উত্তরাঞ্চলীয় শান রাজ্যে একটি সমন্বিত আক্রমণ শুরু করে। গত ২০২১ সালের ফেব্রুয়ারিতে অং সান সু চির নির্বাচিত সরকারের কাছ থেকে সেনাবাহিনী ক্ষমতা দখলের পর থেকে এই অভিযান মিয়ানমারের সামরিক শাসকদের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এ জোটের বরাত দিয়ে অ্যাসোসিয়েট প্রেস (এপি) জানিয়েছে, তারা ২৫০টির বেশি সামরিক চৌকি, পাঁচটি সরকারি সীমান্ত ক্রসিং এবং চীন সীমান্তের কাছে একটি বড় শহরসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ শহর দখল করে নিয়েছে। রাখাইনে ২০১৭ সালে সেনাবাহিনীর নৃশংস বিদ্রোহ দমন অভিযানের ফলে, সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গা সম্প্রদায়ের অন্তত ৭ লাখ ৪০ হাজার সদস্য সীমান্ত পেরিয়ে বাংলাদেশে আশ্রয় নিতে বাধ্য হয়। রাখাইনের পুরোনো নাম আরাকান। (ভোয়া ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## বিএনপিকে সাহায্য করার আর কেউ নাই : ওবায়দুল কাদের

বিএনপিকে সাহায্য করার আর কেউ নেই এই মন্তব্য করে সেতুমন্ত্রী ওবায়দুল মিয়ানমার ইস্যুতে জাতিসংঘের সহযোগিতা কামনা করেছেন। বিস্তারিত ঢাকা থেকে আমাদের সংবাদদাতার প্রতিবদন :

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দিয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন একসাথে কাজ করার আগ্রহ দেখানোয়, বিএনপিকে সাহায্য করার আর কেউ রইলো না বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এ সময় মিয়ানমার ইস্যু সমাধানে জাতিসংঘের সহযোগিতা কামনা করেন তিনি।আজ সোমবার সকালে রাজধানীর ধানমন্ডিতে দলীয় সভাপতির রাজনৈতিক কার্যালয়ে তিনি ব্রিফিংয়ে এসব কথা বলেন।

ওবায়দুল কাদের বলেন, নির্বাচন নিয়ে কিছুটা মতভেদ দেখালেও এখন যুক্তরাষ্ট্রও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দিয়ে বাংলাদেশের সাথে কাজ করতে চায়, বিএনপি এখন কি করবে, সেই প্রশ্ন রাখেন ওবায়দুল কাদের (স্বকণ্ঠে) : দেশের জনগণও নেই বিদেশি বন্ধুরাও বিএনপিকে ছেড়ে চলে গেছে। যেই যুক্তরাষ্ট্রের উপরে তাদের সবচেয়ে বেশি ভরসা সেই যুক্তরাষ্ট্রও অবশেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের সঙ্গে একসঙ্গে কাজ করতে চায়।

মিয়ানমার সীমান্তে চলমান সংঘর্ষ নিয়ে উদ্বেগ জানান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। তিনি বলেন, এ সমস্যা সমাধানে জাতিসংঘকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হবে। ওবায়দুল কাদের আরও বলেন, মিয়ানমার ইস্যুতে আর কোনো উদারতা দেখানোর সুযোগ নেই, কেউ বাংলাদেশে এলে গ্রহণ করা হবে না (স্বকণ্ঠে): পার্শ্ববর্তী দেশের জন্য আতঙ্কের কারণ হয় এমন সমস্যার সমাধান তাদের নিজেদেরই করা উচিত।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৫.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## আতঙ্কে সীমান্তের বাসিন্দারা; সশস্ত্রবাহিনীকে ধৈর্য ধরার নির্দেশ প্রধানমন্ত্রীর

মিয়ানমার থেকে ছোড়া গুলিতে বাংলাদেশের নাইক্ষ্যংছড়িতে দুজন নিহত। এ সম্পর্কে ঢাকা থেকে আমাদের সংবাদদাতার প্রতিবেদন :

মিয়ানমারজুড়ে চলমান সংঘাতে গত তিন দিনে সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠীগুলোর কাছে কয়েকটি সেনা ঘাঁটি এবং ৬২ জন সৈন্য হারিয়েছে জান্তা। সোমবার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে থাইল্যান্ড-ভিত্তিক মিয়ানমারের স্থানীয় সংবাদমাধ্যম দ্য ইরাবতি। বান্দরবানের নাইক্ষ্যংছড়িতে মিয়ানমার থেকে ছোড়া মর্টারশেলের আঘাতে হোসনে আরা (৪৫) নামে এক বাংলাদেশি নারী এবং নবী হোসেন নামে এক রোহিঙ্গা (৬৫) নিহত হয়েছেন। আজ সোমবার দুপর আড়াইটার দিকে উপজেলার ঘুমধুম ইউনিয়নের জলপাইতলী গ্রামের একটি রান্নাঘরের ওপর মর্টারশেলটি এসে পড়ে। এমন পরিস্থিতিতে বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম তুমব্রু সীমান্ত এলাকা, আবারো উত্তপ্ত হয়ে উঠেছে। জনৈক ব্যক্তি (এক) (স্বকণ্ঠে) : এটাতো প্রতিদিন সন্ধ্যার পর, আপনারা সন্ধ্যার পর  কিভাবে মারতেছে। জনৈক ব্যক্তি (দুই) (স্বকণ্ঠে): গোলাগুলির সময় আমরা ভয়ে বউ- বাচ্চা নিয়ে এমনভাবে ঘরের মধ্যে বসে থাকি, নড়াচাড়া করি না। এমন মারা মারে।

সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক রাখা ও অনুপ্রবেশ ঠেকানোর ব্যবস্থা করা হয়েছে বলে জানিয়েছেন বান্দরবান জেলা পুলিশ সুপার সৈকত শাহিন (স্বকণ্ঠে) : জেলা প্রশাসনের সঙ্গে আমরা ইতোমধ্যেই মতবিনিময় করেছি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্যে। বিজেপি সর্বোচ্চ সতর্ক অবস্থায় আছে। সেই সাথে আমাদের পুলিশি যে ব্যবস্থা আছে, সেই পুলিশি ব্যবস্থাকে আমরা আরো জোরদার করেছি। আর জেলা বান্দরবান পার্বত্য জেলা প্রশাসক শাহ মোজাহিদ উদ্দীন বলেছেন (স্বকণ্ঠে): আমরা সকল বাহিনী এবং গোয়েন্দা সংস্থা সতর্ক অবস্থায় আছি। যেকোন সময়ই আমরা জনগণের পাশে আছি। অবশ্যই জনগণের জানমালের নিরাপত্তায় সব ধরনের ব্যবস্থা আমরা নেব। তবে সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির হামলা থেকে বাঁচতে গতকাল থেকে এখন পর্যন্ত সীমান্ত অতিক্রম করে বাংলাদেশে আসা প্রায় ১০০ বর্ডার গার্ড পুলিশ (বিজিপি) সদস্যকে ফিরিয়ে নেওয়ার বিষয়ে মিয়ানমার বাংলাদেশের সঙ্গে যোগাযোগ করেছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ (স্বকণ্ঠে): নিরবিচ্ছিন্ন যোগাযোগ আছে। তারা তাদের নাগরিকদের ফিরিয়ে নিয়ে যাবে অর্থাৎ বিজিপি, তাদের যে বর্ডার গার্ডের এখানে যারা এসছে তাদেরকে তারা ফিরিয়ে নিয়ে যাবে। কিন্তু এমন অবস্থার জন্য সরকারের নতজানু পররাষ্ট্রনীতিকেই দায়ী করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সবকিছুর পরেও মিয়ানমার ইস্যুতে বাংলাদেশের সশস্ত্রবাহিনী ও বিজিবিকে (বর্ডার গার্ড বাংলাদেশ) ধৈর্য ধারণ করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

(রে. তেহরান : ২০৩০ ঘ. ০৫.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## চিলির বনে দাবানলে কমপক্ষে ১১২ জনের মৃত্যু

মধ্য চিলিতে বনের ব্যাপক দাবানলে অনেক ক্ষতি সাধিত হয়েছে, বিশেষ করে উপকূলীয় এলাকায়। একাধিক সংবাদ মাধ্যম জানাচ্ছে, এ পর্যন্ত কমপক্ষে ১১২ জন নিহত হয়েছেন। কর্তৃপক্ষ জানাচ্ছে বনের ১৬৫টি স্থানে আগুন লেগেছে। কেন্দ্রীয় চিলির ভালপারাইসোতে একটি বিশ্ব ঐতিহ্যবাহী স্থান রয়েছে। সেখানে এক হাজারেরও বেশি বাড়ি দৃশ্যত ক্ষতিগ্রস্ত হয়েছে। অকুস্থলে তোলা ভিডিওচিত্রে প্রচুর পরিমাণে ধ্বংসাবশেষ এবং পোড়া যানবাহন দেখা যাচ্ছে। কিছু বাড়ির কাছাকাছি আগুন লাগার কারণে ব্যাগ বহনকারী বাসিন্দাদেরও সরে যেতে দেখা যায়। একাধিক সংবাদ মাধ্যম সতর্ক করছে যে, চিলি এবং প্রশান্ত মহাসাগরীয় উপকূল বরাবর দক্ষিণ আমেরিকার অন্যান্য দেশে দাবানলের উচ্চ ঝুঁকি রয়েছে। সংবাদ মাধ্যমগুলো দীর্ঘস্থায়ী খরা এবং উষ্ণ দিনের কারণে সৃষ্ট এল নিনো আবহাওয়ার ঘটনাকে দায়ী করে। এল নিনো আবহাওয়ার ঘটনা সৃষ্টি হলে, প্রশান্ত মহাসাগরের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি হয়ে যায়।

(এনএইচকে ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ এলিনা)

# ডয়চে ভেলে

## সুবর্ণচরে গৃহবধূকে দলবদ্ধ ধর্ষণ: ১০ জনের ফাঁসি

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের রাতে নোয়াখালীর সুবর্ণচরে গৃহবধূকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে করা মামলায় ১০ জনের ফাঁসি ও ছয়জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। সেইসাথে আসামিদের প্রত্যেককে ৫০ হাজার টাকা করে জরিমানা এবং অনাদায়ে আরও দুই বছরের কারাদণ্ডের আদেশ দেওয়া হয়েছে। আজ এই রায় ঘোষণা করেন নোয়াখালী নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২ এর বিচারক (জেলা জজ) ফাতেমা ফেরদৌস। এর আগে গত ২৯ নভেম্বর অধিকতর যুক্তিতর্ক শেষে রায়ের জন্য ১৬ জানুয়ারি দিন ধার্য করেন বিচারক। তবে, রায় লেখা শেষ না হওয়ায় আদালত রায় ঘোষণার জন্য ৫ ফেব্রুয়ারি তারিখ পুনর্নির্ধারণ করেন। মামলার নথি থেকে জানা যায়, ২০১৮ সালের ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনের রাতে স্থানীয় রুহুল আমিনের নেতৃত্বে স্বামী ও সন্তানদের

বেঁধে রেখে গৃহবধূকে সংঘবদ্ধ ধর্ষণ করা হয়। ভুক্তভোগীর অভিযোগ, ভোটকেন্দ্রে থাকা ব্যক্তিদের পছন্দের প্রতীকে ভোট না দেওয়ার জেরে এ ঘটনা ঘটে। ঘটনার পরদিন ভুক্তভোগী গৃহবধূর স্বামী বাদী হয়ে চরজব্বর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। তদন্ত শেষে সুবর্ণচর উপজেলা আওয়ামী লীগের বহিষ্কৃত প্রচার সম্পাদক রুহুল আমিন মেম্বারসহ ১৬ জনের বিরুদ্ধে ২০১৯ সালের ২৭ মার্চ অভিযোগপত্র দেন জেলা গোয়েন্দা পুলিশ পরিদর্শক জাকির হোসেন। এ মামলায় রাষ্ট্রপক্ষ ২৩ জন সাক্ষীর স্বাক্ষ্য নিয়েছে। মামলায় রুহুল আমিন মেম্বারসহ ১৬ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়েছে। পুলিশ ১৫ আসামিকে গ্রেপ্তার করেছে। ঘটনার পর থেকে আসামি মো. মিন্টু ওরফে হেলাল (২৮) পলাতক। বাদীপক্ষের আইনজীবী মোল্লা হাবিবুর রছুল মামুন ডেইলি স্টারকে বলেন, সুবর্ণচরে নারীকে সংঘবদ্ধ ধর্ষণের ঘটনায় কারাগারে আছেন ১৫ জন। তাদের মধ্যে আট আসামি নিজেদের দোষ স্বীকার করে আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ০৫.০২.২৪ রিহাব)

## মিয়ানমারের মর্টারশেলের আঘাতে বাংলাদেশিসহ নিহত ২

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নে মিয়ানমার থেকে ছোড়া মর্টারশেলের আঘাতে দুজন নিহত হয়েছেন। নিহত দুজনের মধ্যে একজন বাংলাদেশি নারী, অন্যজন রোহিঙ্গা পুরুষ। আজ বেলা পৌনে তিনটার দিকে ঘুমধুম ইউনিয়নের জলপাইতলী গ্রামের একটি রান্নাঘরের ওপর মর্টারশেলটি এসে পড়ে। নিহত নারী জলপাইতলী গ্রামের বাদশা মিয়ার স্ত্রী হোসনে আরা (৫৫)। বেলা পৌনে তিনটার দিকে রোহিঙ্গা ব্যক্তিকে দুপুরের খাবার দেওয়ার জন্য রান্নাঘরে যান হোসনে আরা। তখন মর্টারশেলটি এসে রান্নাঘরের ওপর পড়ে। আর আনুমানিক ৬৫ বছর বয়সি ওই রোহিঙ্গা ব্যক্তির নাম জানা যায়নি। তিনি প্রায় ১৫ বছর আগে মিয়ানমার থেকে বাংলাদেশে এসেছিলেন।

এদিকে, বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম সীমান্তের ওপার থেকে তুমুল গোলাগুলি ও হেলিকপ্টারের শব্দ শোনা যাচ্ছে বলে সীমান্তে অবস্থানরত একাধিক সূত্র দ্য ডেইলি স্টারকে নিশ্চিত করেছে। অন্যদিকে, মিয়ানমারের অভ্যন্তরে চলমান সংঘাতের জেরে এ পর্যন্ত দেশটির সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) ৯৫ জনের বাংলাদেশে আসার তথ্য জানিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। বিজিবির সদর দপ্তরের জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম জানিয়েছেন, এ নিয়ে আজ সকাল পর্যন্ত বাংলাদেশে আশ্রয় নেওয়া বিজিপি সদস্যের সংখ্যা দাঁড়িয়েছে ৯৫ জনে। বিজিবি নাসাকা সদস্যদের নিরস্ত্র করে নিরাপদ আশ্রয়ে রাখা হয়েছে জানিয়ে তিনি বলেন, এ বিষয়ে ব্যবস্থা নেয়ার প্রক্রিয়া চলছে। এর আগে রোববার ৫৮ জন বিজিপি সদস্য সীমান্তে আশ্রয় নেয় বলে জানান বিজিবির কর্মকর্তা শরিফুল ইসলাম। বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম সীমান্তের তুমব্রু এলাকায় মিয়ানমারের সেনাবাহিনী ও সশস্ত্র গোষ্ঠীর মধ্যে গোলাগুলিতে দুই বাংলাদেশি গুলিবিদ্ধ হয়েছেন। গত কয়েকদিন ধরে মিয়ানমারের অভ্যন্তরে দেশটির সেনাবাহিনী ও সশস্ত্র গোষ্ঠীগুলোর মধ্যে ভয়াবহ সংঘর্ষ চলছে বলে জানান স্থানীয়রা। উচ্চ ক্ষমতার গোলাবারুদ ও বিস্ফোরক ব্যবহার করা হয়েছে এবং এসব গোলাবারুদ ও বিস্ফোরণে ঘুমধুমের সীমান্ত এলাকা এখন উত্তপ্ত হয়ে উঠেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ রিহাব)

# রেডিও টুডে

## হাসিনার সঙ্গে বাইডেনের কাজ করার অঙ্গীকার; বিএনপি এখন কোন আশায় বসে থাকবে : কাদের

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে একসঙ্গে কাজ করা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের অঙ্গীকারের পর বিএনপি এখন কি বলবে কোন আশায় বসে থাকবে তা জানতে চেয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেছেন বিএনপি'র সাথে এখন দেশের জনগণ নেই বিদেশীরা নেই। সোমবার ধানমন্ডিতে এক ব্রিফিংয়ে ওবায়দুল কাদের জানান মিয়ানমারে সহিংসতার ঘটনায় উদ্বেগ থাকলেও সরকার কোন অবস্থাতেই প্রভুকোশনে প্রতিক্রিয়া দেখাবে না। জাতিসংঘের তত্ত্বাবধানে এ বিষয়ে সমাধান হতে পারে বলে তিনি মন্তব্য করেন। (রেডিও টুডেঃ ২১৪৫ ঘ. ০৫.০২.২০২৪ রুবাইয়া)

## ঘুমধুম সীমান্তে মিয়ানমার থেকে ছোড়া মর্টার শেলের আঘাতে এক বাংলাদেশী ও এক রোহিঙ্গা নিহত

বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম সীমান্তবর্তী এলাকায় মিয়ানমার থেকে ছোড়া মর্টার শেলের আঘাতে এক বাংলাদেশী ও এক রোহিঙ্গা নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরো এক শিশু। সোমবার দুপুর দুইটার দিকে ঘুমধুমের জলপাইতলী গ্রামের একটি বাড়িতে মোর্টার শেল আছড়ে পড়লে হাতাহতের এই ঘটনা ঘটে। নিহতদের একজন রোহিঙ্গা যিনি শ্রমিক হিসেবে সেখানে কাজে গিয়েছিলেন। আর নিহত নারী হোসনেয়োরা ওরফে আসমা ঘুমধুম জলপাইতলীর বাসিন্দা। (রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ০৫.০২.২০২৪ রুবাইয়া)

## সশস্ত্র বাহিনী বর্ডার গার্ড বিজিবিকে ধৈর্য ধারণ করতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

সশস্ত্র বাহিনীর প্যারা মিলিটারি ফোর্স বর্ডার গার্ড বিজিবিকে ধৈর্য ধারণ করতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার জাতীয় সংসদে আইনমন্ত্রী আনিসুল হক এই তথ্য জানিয়েছেন। আইনমন্ত্রী বলেন সীমান্তে উত্তেজনার পরিস্থিতি সরকার নিবিড়ভাবে পর্যবেক্ষণে রেখেছে মিয়ানমারের সঙ্গে আলোচনার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়

বিষয়টি দেখছেন। তিনি আরো বলেন বিজিবি সদস্যদের ধৈর্য ধরার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে সীমান্তবর্তী স্কুলগুলো বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। (রেডিও টুডেঃ ১৮৪৫ঘ. ০৫.০২.২০২৪ রুবাইয়া)

**দেশে ঢুকে পড়া মিয়ানমারের সীমান্ত বাহিনীদের ফিরিয়ে নিতে সে দেশের সরকার যোগাযোগ করেছে**

বাংলাদেশে ঢুকে পড়া মিয়ানমারের সীমান্ত বাহিনী বিজিবি সদস্যদের ফিরিয়ে নিতে সেদেশের সরকার যোগাযোগ করেছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ সোমবার দুপুরে তিনি তার দপ্তরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এ কথা জানান। হাছান মাহমুদ জানান মিয়ানমারের সঙ্গে আমাদের নিরবচ্ছিন্ন যোগাযোগ আছে। আজ সকালে মিয়ানমারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী আমাদের রাষ্ট্রদূতের সঙ্গে যোগাযোগ করেছেন। তারা তাদের নাগরিকদের ফিরিয়ে নিয়ে যাবে। এ সময় তিনি বলেন অর্থনৈতিক জলবায়ু ইস্যুতে যুক্তরাষ্ট্র বাংলাদেশ একসঙ্গে কাজ করবে বাইডেনের চিঠির পরে বাংলাদেশের সম্পর্ক নিয়ে আর কোন প্রশ্ন নেই বলেও মন্তব্য করেন পররাষ্ট্রমন্ত্রী।
(রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ০৫.০২.২০২৪ রুবাইয়া)

**সরকারের নতজানু পররাষ্ট্রনীতির কারণে সীমান্ত অরক্ষিতঃ রিজভী**

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী বলেছেন সরকারের নতজানু পররাষ্ট্র নীতির কারণে সীমান্ত অরক্ষিত। সার্বভৌমত্বের অখন্ডতা রক্ষা করতে পারছে না সরকার। সোমবার নয়া পল্টনে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন রিজভী। বিএনপির এই নেতা বলেন সরকার রাষ্ট্র শক্তি দিয়ে দেশের জনগণকে বন্দী করে রেখেছে বলেই তারা প্রতিবাদ করতে ভয় পায়। এজন্য মানুষ সবকিছু দেখার পরও রাস্তায় নামতে পারছে না। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের চিঠি প্রসঙ্গে রিজভী বলেন দুই রাষ্ট্রের সম্পর্কের অংশ হিসেবে জো বাইডেন এই চিঠি পাঠিয়েছেন। গণতন্ত্রের পক্ষের অবস্থান থেকে পশ্চিমা বিশ্ব সরে আসেনি বলেও মন্তব্য করেন তিনি।
(রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ০৫.০২.২০২৪ রুবাইয়া)

**মির্জা আব্বাসকে পৃথক ৬টি মামলায় জামিন দিয়েছেন আদালত**

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসকে পৃথক ৬টি মামলায় জামিন দিয়েছেন আদালত। সোমবার ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সুলতান সোহাগ উদ্দিনের আদালত তাকে জামিন দেন। একই দিনে পৃথক আরো তিন মামলায় মির্জা আব্বাসের জামিন আবেদন না মঞ্জুর করেছেন আদালত। ফলে ছয় মামলায় জামিন পেলেও কারাগারে থাকতে হচ্ছে বিএনপি'র এই নেতাকে। (রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ০৫.০২.২০২৪ রুবাইয়া)

**ড. মুহাম্মদ ইউনূসের সাজা স্থগিত কেন অবৈধ নয় জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত**

ড. মুহাম্মদ ইউনূসের ছয় মাসের সাজা স্থগিত কেন অবৈধ নয় জানতে চেয়ে রুল জারি করেছেন আলাদত। সোমবার বিচারপতি নজরুল ইসলাম তালুকদারের নেতৃতাধীন হাইকোর্ট বেঞ্চ এই রুল জারি করেন। এ সময় হাইকোর্ট বলেন ড. ইউনূসকে বিদেশে যেতে হলে সংশ্লিষ্ট আদালতকে জানাতে হবে। এছাড়া ড. ইউনুসের শ্রম আদালতের দেয়া সাজার স্থগিতাদেশ স্থগিত করে দিয়েছেন হাইকোর্ট। পাশাপাশি মামলার দ্রুত নিষ্পত্তির ও নির্দেশ দেন তিনি। এর আগে রোববার শ্রম আইন লঙ্ঘনের মামলায় ড. মুহাম্মদ ইউনূসের সাজা স্থগিত করে শ্রম আপিল ট্রাইবুনালে ছয় মাস সাজা স্থগিতের বিরুদ্ধে হাইকোর্টে আবেদন করে কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর।
(রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ০৫.০২.২০২৪ রুবাইয়া)

**এস আলম গ্রুপের মালিকের বিরুদ্ধে বিবাদীর নিষ্ক্রিয়তা প্রশ্নে আপিল বিভাগে হাইকোর্টের রুল বাতিল**

বাংলাদেশ ব্যাংকের অনুমতি ছাড়া বিদেশে বিপুল পরিমাণ সম্পদ গড়ে তোলার ঘটনায় এস আলম গ্রুপের মালিকের বিরুদ্ধে বিবাদীদের নিষ্ক্রিয়তা এবং ব্যর্থতা প্রশ্নে হাইকোর্টের জারি করা স্বপ্রণোদিত রুল বাতিল করে দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। তবে দুর্নীতি দমন কমিশন দুদক ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা নিতে পারবে বলে জানিয়েছে আপিল বিভাগ। সোমবার প্রধান বিচারপতির নেতৃত্বাধীন আপিল বিভাগের ছয় বিচারপতির বেঞ্চ রুলটি খারিজ করে দেন। এর আগে দুদকসহ কয়েকটি সরকারি সংস্থাকে অনুসন্ধানের নির্দেশনা সংক্রান্ত হাইকোর্টের আদেশের উপর গত ৮ই জানুয়ারি পর্যন্ত স্থিতাবস্থা জারি করেছিলেন চেম্বার আদালত। একই সঙ্গে হাইকোর্টের আদেশের উপর স্থিতাদেশ চেয়ে করা আবেদনটির শুনানির জন্য প্রধান বিচারপতির বেঞ্চে পাঠিয়ে দেওয়া হয়েছিল। (রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ০৫.০২.২০২৪ রুবাইয়া)

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এক গৃহবধূকে ধর্ষণের অভিযোগে ৬ শিক্ষার্থীর সনদ স্থগিত**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের একটি আবাসিক হলে স্বামীকে আটকে রেখে স্ত্রীকে ধর্ষণের ঘটনায় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান ছয় শিক্ষার্থীর সনদ স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এর মধ্যে তিন জনই বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের নেতা। এছাড়া তিন শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। দুজনকে ক্যাম্পাসে অবাঞ্চিত ঘোষণা করা হয়েছে। সেই সঙ্গে ঘটনা তদন্তে চার সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। রোববার বিশ্ববিদ্যালয়ের জরুরী সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। সভা শেষে সিন্ডিকেটের সভাপতি উপাচার্য নুরুল আলম এসব সিদ্ধান্ত

সাংবাদিকদের জানান। ধর্ষণের অভিযোগে অভিযুক্ত আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ৪৫ তম ব্যাচের প্রাক্তন শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতা মুস্তাফিজুর রহমানের সনদ স্থগিত ও ক্যাম্পাসে তাকে অবাঞ্চিত ঘোষণা করা হয়েছে। একই শাস্তি দেয়া হয়েছে মুস্তাফিজুর কে পালাতে সহায়াকারী হাসানুজ্জামানকে। একই ভূমিকায় আরেক প্রাক্তন শিক্ষার্থী শাহ পরানের সনদ ও স্থগিত করা হয়েছে। এ ছাড়া ভুক্তভোগী নারীর স্বামীকে আবাসিক হলে আটকে রাখায় সহায়তা কারী মুরাদ হোসেন অভিযুক্ত মোস্তাফিজুর কে পালাতে সহায়তা কারী এ এস এম মোস্তফা মনোয়ার সিদ্দিকী এবং মোঃ সাব্বির হাসানের সনদ স্থগিতের পাশাপাশি তাদের সাময়িক বহিষ্কার করা হয়েছে। এর আগে এই ঘটনায় মুস্তাফিজ ও তাকে পালাতে সাহায্যকারী সাগর সিদ্দিকীসহ মোট চারজনকে গ্রেফতার করে পুলিশ।
(রেডিও টুডে:৮৪৫ ঘ. ০৫.০২.২০২৪ আসাদ)

## এ পর্যন্ত বাংলাদেশে আশ্রয় নিয়েছে ৯৫ জন মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর সদস্য: বিজিবি সদর দপ্তর

মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনাবাহিনী ও বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির মধ্যে সংঘর্ষের মধ্যে বাংলাদেশে আশ্রয় নিয়েছে দেশটির সীমান্তরক্ষী বাহিনীর আরও ৩৭ সদস্য। সোমবার বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবির সদর দপ্তরের জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম গণমাধ্যমকে জানান এই নিয়ে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর মোট ৯৫ জন সদস্য বাংলাদেশ আশ্রয় নিলেন। আশ্রয় নেয়া সদস্যদের নিরস্ত্র করে নিরাপদ আশ্রয়ে রাখা হয়েছে বলেও জানিয়েছেন তিনি। এদিকে সাত ঘন্টা বিরতির পর বান্দরবানের নাইখংছড়ি উপজেলার ঘুমধুম সীমান্তের ওপারে আবারো গোলাগুলি হয়েছে। ঘুমধুম ইউনিয়নের কোনারপাড়ার কাছাকাছি মিয়ানমারের ঢেঁকি বুনিয়া সীমান্ত চৌকি ঘিরে রোববার রাত ১১ টায় গোলাগুলি শুরু হয়। সোমবার সকালেও থেমে থেমে গুলি ও মর্টার সেল নিক্ষেপের শব্দ শোনা যায়।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৫.০২.২০২৪ আসাদ)

## দুদিন বন্ধ থাকার পর উখিয়া ও টেকনাফ সীমান্তে আবারো গোলাগুলি শব্দ শোনা যাচ্ছে

কক্সবাজারের উখিয়া ও টেকনাফ উপজেলার ওপারে মিয়ানমার সীমান্তে দুদিন পরে আবারো থেমে থেমে মর্টারসেল ও গুলির শব্দ শোনা যাচ্ছে। রোববার রাত দশটা থেকে শুরু হওয়া গোলাগুলিতে আতঙ্কিত হয়ে পড়েছেন উখিয়ার পালংখালী এবং টেকনাফ উপজেলার হোয়াইকং হিলা ও সাবরাং ইউনিয়নের বাসিন্দারা। এসব ইউনিয়নের নাফ নদীর বিপরীতে মিয়ানমার সীমান্ত। গত দুদিন শনি ও রোববার এই সীমান্তে কোন ধরনের শব্দ শোনা যায়নি। তবে রাত থেকে আবারও গোলাগুলির শব্দ পাওয়া যাচ্ছে বলে জানিয়েছেন স্থানীয় জনপ্রতিনিধিরা।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৫.০২.২০২৪ আসাদ)

## দেশের জনগণ বিএনপির সঙ্গে নেই : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন দেশের জনগণ ও বিএনপির সঙ্গে নেই বিদেশী বন্ধুরাও তাদের ছেড়ে চলে গেছে। সোমবার আওয়ামী লীগ সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে এক ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের বলেন আমেরিকার প্রেসিডেন্ট বাইডেন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লম্বা চিঠি পাঠিয়েছেন বাংলাদেশের সঙ্গে একযোগে কাজ করার জন্য। বিএনপি'র প্রতি প্রশ্ন রেখে তিনি বলেন এখন আপনারা কি বলবেন? কে আপনাদের ক্ষমতায় বসানোর জন্য আসবে ?
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৫.০২.২০২৪ আসাদ)

## ২০১৮ সালে নোয়াখালীর সুবর্ণচরে গৃহবধূকে ধর্ষণের মামলায় ১০ আসামিকে আদালতের মৃত্যুদণ্ড

২০১৮ সালের ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের রাতে নোয়াখালীর সুবর্ণচরে গৃহবধূকে গণধর্ষণের মামলার রায় ঘোষণা করা হয়েছে। রায়ে ১০ আসামীকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। এছাড়া বাকি ৬ জনকে যাবজ্জীবন কারাদণ্ড এবং ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। সোমবার নোয়াখালী নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২ এর বিচারক ফাতেমা ফেরদৌস এই রায় ঘোষণা করেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৫.০২.২০২৪ আসাদ)

## আসন্ন এসএসসি ও সমমানের পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে যাবেন না শিক্ষামন্ত্রী

আসন্ন এসএসসি ও সমমানের পরীক্ষায় কেন্দ্র পরিদর্শনে যাবেন না শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। সোমমবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই কথা জানানো হয়। আগামী ১৫ই ফেব্রুয়ারি শুরু হবে এই পরীক্ষা। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে শিক্ষা মন্ত্রী মনে করেন পরীক্ষার কেন্দ্র পরিদর্শনের কারণে শিক্ষার্থীদের উপর এক ধরনের হয়রানিমূলক পরিস্থিতি, মানসিক যন্ত্রণা ও জনদুর্ভোগ সৃষ্টি হয়। তার মতে পরীক্ষার সময় পরীক্ষার্থীরা এমনিতেই একটি মানসিক চাপের মধ্যে থাকে। কেন্দ্র পরিদর্শনের নামে ব্যাপক জনসমাগম এই মানসিক চাপ আরো বাড়িয়ে দেয়। এছাড়া পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশে বিঘ্ন ঘটে। এই মানসিক যন্ত্রণাও জনদুর্ভোগ লাঘবের জন্য এ বছর এসএসসি ও সমমানের পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে যাবেন না শিক্ষামন্ত্রী। তিনি আরো বলেছেন আইন অনুযায়ী কেন্দ্র পরিদর্শক ছাড়া অন্য কারো কেন্দ্রে প্রবেশের অনুমতি নেই। পরীক্ষায় সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া অন্য কোন ব্যক্তি যেন পরীক্ষা কেন্দ্রে প্রবেশ না করে সে বিষয়ে সবার সচেতন থাকা উচিত। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৫.০২.২০২৪ আসাদ)

## হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আপিল করেছেন ঝিনাইদহ-১ আসনের নৌকা প্রার্থী আব্দুল হাই

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-১ আসনে নৌকা প্রতীকের প্রার্থী আব্দুল হাইকে বিজয়ী ঘোষণা করা ইসির গেজেট স্থগিত করেছিলেন হাইকোর্ট। এবার সে আদেশের বিরুদ্ধে আবেদন করা হয়েছে। সোমবার আপিল বিভাগের সংশ্লিষ্ট শাখায় বিজয়ী নৌকার প্রার্থী আব্দুল হাই এই আবেদন করেছেন। গত ১ ফেব্রুয়ারি ঝিনাইদহ-১ আসনে নৌকা প্রতীকের প্রার্থী আব্দুল হাইকে বিজয়ী ঘোষনা করে ইসির গেজেট স্থাগিত ঘোষণা করেন হাইকোর্ট। দুই মাসের জন্য এই স্থগিতাদেশ দেয়া হয়। এর আগে ভোট গ্রহণ ও ভোট গননায় অনিয়ম ও কারচুপির অভিযোগে ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য পদের গেজেট স্থগিত চেয়ে ইলেকশন পিটিশন দায়ের করেন ওই আসনের স্বতন্ত্র প্রার্থী নজরুল ইসলাম দুলাল। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৫.০২.২০২৪ আসাদ)

## নারায়ণগঞ্জে আওয়ামী লীগ অফিস ভাঙচুরের দুটি মামলায় মাওলানা মামুনুল হকের জামিন বহাল

নারায়ণগঞ্জের সোনারগাঁও থানায় আওয়ামী লীগের অফিস ভাঙচুরের অভিযোগের দায়ের করা দুটি মামলায় হেফাজত ইসলামের সাবেক কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব মাওলানা মামুনুল হকের জামিন বহাল রেখেছেন আপিল বিভাগ। সোমবার প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বে ৬ বিচারপতির আপিল বেঞ্চ এই আদেশ দেন। এর আগে গত বছরের ১৬ অক্টোবর নারায়ণগঞ্জের সোনারগাঁও থানায় দায়ের করা দুটি মামলায় মাওলানা মামুনুল হককে হাইকোর্টের দেওয়া জামিন স্টান্ড ওভার রাখেন আপিল বিভাগ। প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন আপিল বিভাগ এই আদেশ দেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৫.০২.২০২৪ আসাদ)

## চলতি মাসে আরো দুই একটি শৈত্য প্রবাহের পূর্বাভাস দিলো আবহাওয়া অধিদপ্তর

শৈত্য প্রবাহ বিদায় নেওয়ার পর আকাশে সূর্য উঁকি দেওয়ার এখন দিনের বেলায় শীতের অনুভূতি নেই বললেই চলে। তবে চলতি মাসেও এক দুইটি শৈত্য প্রবাহ হানা দিতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। আর ফেব্রুয়ারির শেষ দিকে ঝরতে পারে বজ্রসহ বৃষ্টি। তবে এর আগে আজ থেকে টানা তিন দিন দেশের বেশ কিছু অঞ্চলে বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সোমবার সকাল ন'টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে এমন তথ্য জানানো হয়েছে। তবে এই তিন দিনে আগের মতই মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকায় মাঝারি থেকে ঘন কুয়াশা এবং অন্যত্র হালকা থেকে মাঝারি ধরনের কুয়াশা পড়তে পারে। সেই সঙ্গে ঘন কুয়াশার কারণে অভ্যন্তরীণ নৌ পরিবহনে সাময়িকভাবে বিঘ্ন করতে পারে। এদিকে সোমবার সকালে দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে উত্তর জেলা নীলফামারীর সৈয়দপুরে ১০.৫ ডিগ্রি সেলসিয়াস। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৫.০২.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জর্জিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন

পুনরায় প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন জর্জিয়ার প্রধানমন্ত্রী ইরাকলি গারিবাশভিলি। এক শুভেচ্ছা বার্তায় তিনি জর্জিয়া সরকারের পক্ষ থেকে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান এবং এ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনে সাফল্য কামনা করেন। জর্জিয়ান প্রধানমন্ত্রী বলেন, 'আমি আনন্দিত যে আমাদের দুইদেশ পারস্পরিক বোঝাপড়া ও সম্মানের ভিত্তিতে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলেছে। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আমাদের সহযোগিতামূলক প্রচেষ্টার মাধ্যমে অভিন্ন স্বার্থের সব ক্ষেত্রে বর্তমান সম্পর্ক জোরদার হতে থাকবে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## প্রধানমন্ত্রীকে দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্টের অভিনন্দন

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট মাতামেলা সিরিল রামাফোসা। এক অভিনন্দন বার্তায় তিনি দক্ষিণ আফ্রিকার সরকার ও জনগণের পক্ষ থেকে শেখ হাসিনাকে শুভেচ্ছা জানান। সিরিল রামাফোসা বলেন, 'দক্ষিণ আফ্রিকা বাংলাদেশের সঙ্গে বিশেষ করে সংহতি, বন্ধুত্ব ও পারস্পরিক বোঝাপড়ার ওপর ভিত্তি করে শক্তিশালী সম্পর্ককে বিশেষভাবে গুরুত্ব দেয়। কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার পর থেকে দ্বিপাক্ষিক সম্পর্কের শক্তিশালীকরণে প্রতিফলিত স্থির অগ্রগতিতে উৎসাহিত হয়েছি। গত আগস্টে ব্রিকস-আফ্রিকা আউটরিচ এবং ব্রিকস প্লাস ডায়ালগে আপনার উপস্থিতির কারণে এটি আরো মজবুত হয়েছে। দক্ষিণ আফ্রিকা দুইদেশের মধ্যে পারস্পরিক সুবিধাজনক দ্বিপাক্ষিক সম্পর্কের আরো সম্প্রসারণে প্রতিশ্রুতিবদ্ধ।' শেখ হাসিনার সুস্বাস্থ্য কামনা করে তিনি দুই দেশের মধ্যে বিদ্যমান বন্ধুত্বের বন্ধনকে আরো জোরদার ও সুসংহত করার আকাঙ্ক্ষা পুনর্ব্যক্ত করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## ৮ ফেব্রুয়ারি বাণিজ্য মন্ত্রণালয় পরিদর্শনে যাচ্ছেন প্রধানমন্ত্রী

বৃহস্পতিবার, ৮ ফেব্রুয়ারি বাণিজ্য মন্ত্রণালয় পরিদর্শনের মাধ্যমে মন্ত্রণালয় পরিদর্শন শুরু করতে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাণিজ্য মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, ৮ ফেব্রুয়ারি সকাল ১০টায় বাণিজ্য মন্ত্রণালয় পরিদর্শনের অভিপ্রায় ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিবকে চিঠি

দিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়। নাম প্রকাশে অনিচ্ছুক বাণিজ্য মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জাগো নিউজকে বলেন, 'বৃহস্পতিবার প্রধানমন্ত্রী বাণিজ্য মন্ত্রণালয়ে আসছেন। তার আগমন উপলক্ষে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। আশা করা হচ্ছে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের বিষয়ে তিনি সবাইকে দিকনির্দেশনা দেবেন।' প্রধানমন্ত্রীর আগমনে কর্মকর্তা-কর্মচারীদের কাজের গতি বাড়বে বলে প্রত্যাশা করা হচ্ছে। এদিকে বাণিজ্য মন্ত্রণালয় পরিদর্শনের পর আগামী ১৪ ফেব্রুয়ারি তিনি কৃষি মন্ত্রণালয় পরিদর্শন করবেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## কোনো ফাঁদে পা দেবে না বাংলাদেশ : আওয়ামী লীগ সাধারণ সম্পাদক

মিয়ানমার ইস্যুতে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, 'কোনো ফাঁদে বাংলাদেশ পা দেবে না।' আজ সোমবার দুপুরে ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে এক ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। এসময় ওবায়দুল কাদের বলেন, 'মিয়ানমার যতই প্রলুব্ধ করুক কোনো ফাঁদে বাংলাদেশ পা দেবে না, আলাপ-আলোচনার মাধ্যমে বাংলাদেশ সমাধান করতে চায়। বাংলাদেশ কখনোই যুদ্ধের পক্ষে নয়। এটি তাদের নিজস্ব কনফ্লিক্ট। এটি যেন পার্শ্ববর্তী দেশের জন্য আতঙ্কের কারণ না হয়।' তিনি বলেন, 'বাইডেন তার চিঠিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেছেন। একসঙ্গে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেছেন।' কাদের আরো বলেন, 'যারা বাংলাদেশের নির্বাচনের বিরোধিতা করেছে, নির্বাচন থেকে সরে গিয়ে নির্বাচন প্রতিহত করার জন্য নানা ধরনের অপচেষ্টা চালিয়েছে এবং প্রত্যাশা করেছে যুক্তরাষ্ট্র তাদের সঙ্গে থেকে নিষেধাজ্ঞা দেবে। মাস পেরিয়ে গেছে বরং বাইডেন শেখ হাসিনার সঙ্গে কাজ করার জন্য চিঠি দিয়ে অভিব্যক্তি জানিয়েছেন।' বিএনপির কাছে প্রশ্ন রেখে কাদের বলেন, 'এখন আপনাদের কে ক্ষমতায় বসাবে? কে আপনাদের ক্ষমতা পরিবর্তনে সহায়তা করবে? জনগণ আপনাদের কাছ থেকে সরে গেছে।' কাদের বলেন, 'সংসদ বসে গেছে, ২৮টি দল অংশগ্রহণ করেছে। স্ট্যান্ডিং কমিটি গঠিত হয়ে গেছে। সংরক্ষিত নারী আসনে মনোনয়ন ফর্ম দেওয়া শুরু হবে। আগামীকাল থেকে বঙ্গবন্ধু অ্যাভিনিউতে ফর্ম বিক্রি শুরু হবে। কয়েক দিনের মধ্যে প্রক্রিয়াও শেষ হবে। সংসদ পুরোপুরি শুরু হয়ে গেছে। নিয়ম অনুযায়ী সংসদে জাতীয় পার্টি বিরোধী দলের ভূমিকা রাখছে।' তিনি বলেন, 'বিএনপি এখন কোন আশায় বসে থাকবে, দেশের জনগণও নেই, বিদেশিরাও চলে গেছে। যুক্তরাষ্ট্রের ওপর ভরসা ছিল, সেই ভরসা শেষ হয়ে গেলো। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের সঙ্গে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেছে যুক্তরাষ্ট্র।'

তিনি বলেন, 'যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বাইডেন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লম্বা চিঠি পাঠিয়েছেন বাংলাদেশর সঙ্গে একযোগে কাজ করার জন্য। অর্থনৈতিক উন্নয়নের ব্যাপারে বিশেষভাবে অঙ্গীকার ব্যক্ত করেছেন। পিটার হাসও মার্কিন নীতি কৌশলের প্রতিধ্বনিই করছেন।' ছাত্রলীগের ইস্যুতে কাদের বলেন, 'ছাত্রলীগ সহযোগী সংগঠন। এ দলে শতভাগ ভালো মানুষ দাবি করতে পারি না। খারাপ কাজ কেউ কেউ করে। খারাপ কাজ প্রশ্রয় দেই না। এসব কাজ করে কেউ পার পেয়ে যায় না। আইনের উর্ধ্বে কেউ না। বিশ্বজিৎসহ সব ঘটনার বিচার করেছি। কেউ আইনের উর্ধ্বে নয়, দল তাকে প্রশ্রয় দেবে না।' এসময় উপস্থিত ছিলেন, আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক, এস এম কামাল হোসেন, উপ দফতর সম্পাদক সায়েম খান, কার্যনির্বাহী সদস্য সাহাবুদ্দিন ফরাজী প্রমুখ।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## বাংলাদেশে আশ্রয় নেওয়া বিজিপি সদস্যদের ফিরিয়ে নেবে মিয়ানমার : পররাষ্ট্রমন্ত্রী

রাখাইন রাজ্যে মিয়ানমারের সেনাবাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সংঘর্ষে বাংলাদেশ সীমান্তে আশ্রয় নেওয়া বর্ডার গার্ড পুলিশ, বিজিপির সদস্যদের ফিরিয়ে নিতে মিয়ানমার যোগাযোগ করেছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ সোমবার দুপুরে ব্রাসেলস সফরসহ চলমান বিষয়ে প্রেস ব্রিফিংকালে তিনি এ কথা বলেন। মিয়ানমারের বিজিপির যে সদস্যরা বাংলাদেশে এসেছেন তাদের বিষয়ে বাংলাদেশের অবস্থান কি জানতে চাইলে তিনি বলেন, 'আমাদের নিরবচ্ছিন্ন যোগাযোগ আছে। আজ সকালে মিয়ানমারের ডেপুটি ফরেন মিনিস্টার আমাদের রাষ্ট্রদূতের সঙ্গে কথাও বলেছেন। তারা তাদের নাগরিকদের ফিরিয়ে নিয়ে যাবেন। অর্থাৎ বিজিপির যে সদস্যরা এখানে এসেছে তাদের ফিরিয়ে নিয়ে যাবে। এখন কোন প্রক্রিয়ায় ফিরিয়ে নিয়ে যাবে সেটি নিয়ে আমরা আলাপ-আলোচনা করছি। তাদের বিমানযোগে নাকি নৌকাযোগে ফিরিয়ে নেওয়া হবে সেটি নিয়েও আলোচনার মধ্যে আছি। আমাদের একটি পথ খুঁজে বের করতে হবে। এরআগেও ভারতে অনেকে ঢুকে পড়েছিল। ভারত থেকে তাদের বিমানযোগে পাঠিয়ে দেওয়া হয়েছিল।' তারা যেতে না চাইলে কি হবে, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'তারা তো অবশ্যই যেতে চাচ্ছে। নাহলে মিয়ানমার সরকার আমাদের সঙ্গে যোগাযোগ করছে কেন? মিয়ানমার তাদের নিয়ে যেতে চায়। তারাই যোগাযোগ করেছে, আমরাও যোগাযোগ করেছি। দুই পাশ থেকেই যোগাযোগ হয়েছে। এটি নিয়ে আমরা কাজ করছি। এখনও অনেকে আসছে বা আসার সম্ভাবনা আছে। আমাদের কাছে রেজিস্টার্ড ৯৫ জন এসেছে। এরমধ্যে সকাল গড়িয়ে দুপুর হয়ে গেছে, আরো এসেছে কিনা জানিনা। এরমধ্যে কয়েকজন আহত আছে, তাদের কক্সবাজার হাসপাতালে ভর্তি করা হয়েছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## ইইউভুক্ত দেশে অবৈধ বাংলাদেশি রাখতে চাই না : অর্থমন্ত্রী

ইউরোপীয় ইউনিয়ন, ইইউভুক্ত দেশগুলোতে কোনো বাংলাদেশিকে অবৈধ অভিবাসী হিসেবে রাখতে চাই না উল্লেখ করে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, 'ইউরোপীয় ইউনিয়নে যারা যাবেন, কিংবা বাস করতে চান, বৈধভাবে যদি সেখানে বাস করার সুযোগ থাকে তাহলে ইউরোপ তাদের গ্রহণ করবে।' আজ সোমবার সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে ইকোনমিক রিপোর্টার্স ফোরাম, ইআরএফ-এর সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি একথা বলেন। এর আগে ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলির সঙ্গেও কথা বলেন অর্থমন্ত্রী। সাংবাদিকদের পক্ষ থেকে প্রশ্ন করা হয়, বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগে আগ্রহের কথা জানিয়েছেন হোয়াইটলি। তিনি কী সুনির্দিষ্ট করে বলেছেন কোথায় কোথায় বিনিয়োগ করতে চান? উত্তরে মন্ত্রী বলেন, `না, সুনির্দিষ্ট করে বলেননি। তবে এটার একটা পিলার দিয়েছেন তিনি।, ইউরোপীয় বিভিন্ন দেশের সঙ্গে সম্পর্কের বিবরণ দিতে গিয়ে মন্ত্রী বলেন, `মঙ্গোলিয়ার একটা কনফারেন্স হয়েছিল। ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশে অনেক অবৈধ অভিবাসী আছেন, তাদের নিয়ে সেখানে আলোচনা হয়েছে। তাদের পররাষ্ট্র বিষয়ক কর্মকর্তাকে আমি বলেছিলাম যে, আমরা এটার সমাধান করতে চাই। আমরা চাই না আমাদের কোনো লোক ইউরোপীয় ইউনিয়নে বেআইনিভাবে থাকবে।, 'ইউরোপীয় ইউনিয়নে যারা যাবেন, কিংবা বাস করতে চান, বৈধভাবে যদি সেখানে বাস করার সুযোগ থাকে তাহলে ইউরোপ তাদের গ্রহণ করবে। আর না হলে আমরা এটা নিয়ে আলোচনা করবো। আমরা কোনো বাংলাদেশিকে অবৈধ অভিবাসী হিসেবে ইউরোপে রাখতে চাই না,, বলেন অর্থমন্ত্রী।

তিনি বলেন, 'অবৈধভাবে থাকলে তো কোনো মান সম্মান থাকবে না। অভিবাসীরা কাজও করতে পারবে না ঠিকমতো। কাজেই তাদের একটা কাঠামোর মধ্যে নিয়ে আসতে হবে। বাংলাদেশিরা ইউরোপে অবৈধভাবে বাস করুক, সেটা আমরা চাই না।' অর্থমন্ত্রী বলেন, 'আমরা তাদের জন্য কোনো সমস্যাই তৈরি করতে চাই না। তারা একটা কথা বললো, ইতালি থেকে বছরে এক বিলিয়ন ডলার এসেছে। এটা তাদের তথ্য। আমি তাতে খুশি হলাম। তারা বলেছেন, ইতালিতে বাংলাদেশিদের অনেক চাহিদা। বাংলাদেশিরা যেসব ক্ষেত্রে কাজ করতে চায়, তারা খুব ভালোভাবে কাজ করে, এটা ইতালীয়রা দেখেছেন।'

মন্ত্রী আরো বলেন, 'ইতালি তো খুবই গুরুত্বপূর্ণ। ইতালির মতো দেশে এখন বাংলাদেশিরা যে সুনাম অর্জন করেছে এটা আমাদের কাজে লাগাতে হবে। ইউরোপীয় ইউনিয়ন সে জন্য আমাদের বিভিন্ন ক্ষেত্রে সহায়তা করার পরিকল্পনা করেছে।' তিনি বলেন, 'বাংলাদেশের জন্য ইউরোপীয় ইউনিয়নে একটা বিরাট বাজার আছে। রফতানি বাজার, অভিবাসী পাঠানো এবং সেখানে বাংলাদেশিদের কাজের সুনাম যেভাবে বেড়েছে, তাতে সবগুলো আমাদের পক্ষে যাচ্ছে। কীভাবে এটাকে আরো উন্নত করা যায়, ইউরোপীয় দেশগুলোর সঙ্গে কীভাবে সম্পর্ক আরো বাড়ানো যায়, সেটা দেখতে হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## বাংলাদেশের সঙ্গে বাণিজ্য বাড়াতে চায় ইইউ : ইইউ রাষ্ট্রদূত

বাংলাদেশের সঙ্গে ইউরোপীয় ইউনিয়ন, ইইউ-এর ২৪ বিলিয়ন ইউরোর বাণিজ্য রয়েছে উল্লেখ করে রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি বলেছেন, 'এটা আরো বাড়াতে চাই। আজ সোমবার সচিবালয়ে অর্থমন্ত্রীর দফতরে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে বৈঠক শেষে তিনি সাংবাদিকদের একথা বলেন। বৈঠকে আলোচনার বিষয়ে সাংবাদিকরা জানতে চাইলে ইইউ রাষ্ট্রদূত বলেন, 'বিভিন্ন ইস্যুতে আমাদের মধ্যে অনেক গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। এটা ছিল সৌজন্য সাক্ষাৎ। ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে বাংলাদেশের সহযোগিতা নিয়ে আমাদের মধ্যে কথা হয়েছে। এছাড়া বাংলাদেশের অর্থনৈতিক সম্ভাবনা নিয়েও আলোচনা করেছি।' তিনি বলেন, 'সামাজিক সুরক্ষাসহ বিভিন্ন ইস্যুতে বাংলাদেশে কাজ করছি আমরা। সেসব ক্ষেত্রে বাজেট সহায়তা নিয়েও কথা বলেছি আমরা। বাণিজ্য ও ব্যবসার ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে ইউরোপীয় ইউনিয়নের গুরুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে।' তিনি আরো বলেন, 'বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের ২৪ বিলিয়ন ইউরোর বিনিয়োগ রয়েছে। বাংলাদেশে ইউরোপিয় বিনিয়োগ ও বাণিজ্য সম্প্রসারণে আমরা খুবই আগ্রহী। সে ক্ষেত্রে বাংলাদেশের ব্যাপক সম্ভাবনা রয়েছে।' রাষ্ট্রদূত বলেন, 'এ নিয়ে অর্থমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পরপরই তার পরিকল্পনা জানতে পেরে আমরা বেশ আশাবাদী। কাজেই বাংলাদেশের সহায়তা অংশীদার হিসেবে কাজ করার বিষয়ে আমাদের প্রত্যাশা বেড়েছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## সীমান্তে আবারো গোলাগুলি, অনুপ্রবেশের সময় রোহিঙ্গা পরিবার আটক

বান্দরবানের তুমব্রু সীমান্তে ব্যাপক গোলাগুলির পর এবার কক্সবাজারের উখিয়ার পালংখালী এবং টেকনাফে হোয়াইক্যং উলুবনিয়া সীমান্তে ব্যাপক গোলাগুলি শুরু হয়েছে। আজ সোমবার সকাল সাড়ে ১০টার দিকে ব্যাপক গোলাগুলি শুরু হয় বলে জানিয়েছেন স্থানীয়রা। এ সময় বাংলাদেশে অনুপ্রবেশের সময় উলুবনিয়া সীমান্ত থেকে এক রোহিঙ্গা পরিবারকে আটক করেছে বিজিবি। স্থানীয়দের দেওয়া তথ্যমতে, স্থলপথে গোলাগুলির সঙ্গে হেলিকপ্টার থেকেও ছোড়া হচ্ছে গুলি। ধারণা করা হচ্ছে বিদ্রোহীদের দখল করে নেওয়া অঞ্চল উদ্ধার করতে হামলা চালাচ্ছে সরকারি বাহিনী। সীমান্তজুড়ে তীব্র গোলাগুলিতে আতঙ্কে ঘরবাড়ি ছেড়েছেন স্থানীয়রা। এদিকে বেলা ১১টার দিকে মিয়ানমার থেকে

উলুবনিয়া সীমান্ত পার হয়ে একটি রোহিঙ্গা পরিবার বাংলাদেশে ঢুকে পড়লে দায়িত্বরত বিজিবি সদস্যরা তাদের আটক করে। স্বামী-স্ত্রী ছাড়াও তাদের সঙ্গে তিন শিশু রয়েছে। হোয়াইক্যং উলুবনিয়া এলাকার জালাল আহমেদ বলেন, 'সকাল সাড়ে ১০টার দিকে মিয়ানমারের ওপারে ব্যাপক গোলাগুলি এবং বোমার শব্দ শুনতে পাই। ভয়ে সীমান্ত থেকে লোকজন সরে যাচ্ছে। অনেকে ঘর থেকে বের হচ্ছে না।' ঘুমধুম এলাকার আশরাফুল ইসলাম বলেন, 'গতকাল ব্যাপক গোলাগুলিতে তিনটি গ্রামের লোকজন এলাকাছাড়া হয়েছে। সকাল থেকে আবারো গোলাগুলি চলছে।' টেকনাফ-২ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোঃ মহিউদ্দীন আহমেদ বলেন, 'সীমান্তে আমরা সতর্ক অবস্থানে রয়েছি।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## বেশি দামে পণ্য বিক্রি করলে ব্যবস্থা : র‍্যাব

সরকার নির্ধারিত ন্যায্য মূল্যের চাইতে বেশি দামে নিত্যপ্রয়োজনীয় পণ্য ও মাংস বিক্রি করলে ব্যবস্থা নেওয়া হবে বলে কঠোর হুঁশিয়ারি দিয়েছে পুলিশের এলিট ফোর্স র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন, র‍্যাব। আজ সোমবার দুপুরে রাজধানীর কারওয়ান বাজারে র‍্যাব মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বাহিনীর লিগ্যাল এ্যান্ড মিডিয়া উইং-এর পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন এ কথা বলেন। তিনি বলেন, 'নিত্যপ্রয়োজনীয় পণ্যের মজুদ ও বেশি দামে পণ্য বিক্রেতাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে কাজ করছে র‍্যাব। এরই মধ্যে র‍্যাবের গোয়েন্দারা সাদা পোশাকে মাঠে কাজ করছে।' র‍্যাবের ভ্রাম্যমাণ আদালত চলমান রয়েছে জানিয়ে এই মুখপাত্র বলেন, 'সকাল থেকে এখন পর্যন্ত অতিরিক্ত দামে নিত্যপ্রয়োজনীয় পণ্য ও মাংস বিক্রি করার অভিযোগে ২০ ব্যবসায়ীর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে।' পণ্যবাহী ট্রাকে চাঁদাবাজদের বিরুদ্ধে চলা অভিযানের কথা উল্লেখ করে কমান্ডার খন্দকার আল মঈন জানান, 'গতকাল পণ্যবাহী ট্রাক থেকে চাঁদাবাজির অভিযোগে রাজধানীর বিভিন্ন প্রবেশপথ থেকে অর্ধশত চাঁদাবাজকে গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে র‍্যাবের ধারাবাহিক অভিযান চলমান। নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম নিয়ন্ত্রণে র‍্যাব সব সময় মাঠে কাজ করে যাবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## বিজয় অর্জিত না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে : রিজভী

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, 'অবৈধ ক্ষমতার প্রতি শেখ হাসিনার লালসার কারণে গণতন্ত্রের পায়ে বেড়ি। মত প্রকাশের স্বাধীনতাকে এখন নির্বাক মৌনতায় পরিণত করার চেষ্টায় মানুষের মনে ক্ষোভের আগুন জ্বলছে। জনগণের প্রতি সরকারের চোখ রাঙানির বিরুদ্ধে আন্দোলন থামানো যাবে না। বিজয় অর্জিত না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকবে।' আজ সোমবার দুপুরে নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, 'শেখ হাসিনার লুটপাট আর দুঃশাসনের কারণে লাগামহীনভাবে বেড়েছে সব পণ্যের দাম। দেশে এখন সবচেয়ে নিয়ন্ত্রণহীন মূল্যস্ফীতি এবং দ্রব্যমূলের উর্ধ্বগতি আর সবচেয়ে মূল্যহীন গণতন্ত্রকামী জনগণের মতামত। একদিকে হামলা মামলা নির্যাতন নিপীড়ন চালিয়ে, গুম, খুন, অপহরণ করে ভিন্ন দল ও মতের মানুষকে দমিয়ে রাখার অপচেষ্টা। অপরদিকে শেখ হাসিনার বিনা ভোটের সরকারের প্রতি সমর্থন আদায়ের জন্য বাংলাদেশ নিয়ে ভাগ-বাটোয়ারার হাট বসেছে। দেশ এবং জনগণের স্বার্থের প্রতি তোয়াক্কা না করে বহিঃর্বিশ্বের যাকে যা দিয়ে খুশি রাখা যায় শেখ হাসিনা তাই করছেন, তাই দিচ্ছেন। শেখ হাসিনার ফ্যাসিবাদী সরকার এখন একদলীয় কতৃর্ত্ববাদী দেশের কাছ থেকেও গণতন্ত্রের সার্টিফিকেট নিচ্ছে।' তিনি বলেন, 'ডামি সরকার নিজেদের মধ্যে ক্ষমতার ভাগ-বাটোয়ারা নিয়ে ব্যস্ত থাকলেও দেশের অধিকাংশ মানুষের দিন কাটছে অর্ধাহারে, অনাহারে। দেশে এই মুহূর্তে মূল্যস্ফীতি ও দ্রব্যমূল্য দুটোই ডামি সরকারের নিয়ন্ত্রণের বাইরে। জ্বালানি এবং বিদ্যুৎ সংকটের কারণে বিপর্যস্ত দেশের কৃষি ও শিল্পখাত। বোরো আবাদের এই ভরা মৌসুমেও বিদ্যুৎ সংকটের কারণে কৃষকরা চরম হতাশার মধ্যে পড়েছেন। শেখ হাসিনা ক্ষমতায় আসার পর বিদ্যুৎ দেওয়ার কথা বলে কুইকরেন্টালের নামে রাষ্ট্রের এক লাখ কোটি টাকার বেশি লোপাট করলেও এখন দেখা যায় সবই ফাঁকি। সবই ছিল লুটপাট আর টাকা পাচারের ফন্দি।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## মির্জা আব্বাসের ৬ মামলায় জামিন

রাজধানীর পল্টনের চার ও রমনা থানার পৃথক দুই মামলায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসের জামিন মঞ্জুর করেছেন আদালত। এছাড়া রমনার দুই ও পল্টনের এক মামলায় তার জামিন আবেদন না'মঞ্জুর করেছেন আদালত। আজ সোমবার ঢাকার অতিরিক্ত মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোঃ সুলতান সোহাগ উদ্দিনের আদালত শুনানি শেষে এ জামিন মঞ্জুর করেন। মির্জা আব্বাসের আইনজীবী মহিউদ্দিন চৌধুরী বিষয়টি নিশ্চিত করেছেন। এর আগে বৃহস্পতিবার, ১ ফেব্রুয়ারি কারাগার থেকে মির্জা আব্বাসকে আদালতে হাজির করা হয়। শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রাজেশ চৌধুরীর আদালত পল্টন থানার পাঁচ মামলায় এবং অতিরিক্ত মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোঃ সুলতান সোহাগ উদ্দিনের আদালত রমনা মডেল থানার চার মামলায় গ্রেফতার দেখানোর আবেদন মঞ্জুর করেন। গত ২৪ জানুয়ারি মির্জা আব্বাসের জামিন চেয়ে আবেদন করেন তার আইনজীবী মহিউদ্দিন চৌধুরী।

এরপর ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রেজাউল করিম চৌধুরীর আদালত এ বিষয়ে শুনানির জন্য ১ ফেব্রুয়ারি দিন ধার্য করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## পণ্য পরিবহনে চাঁদাবাজির বিরুদ্ধে কঠোর হওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর

দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে পণ্য পরিবহনে চাঁদাবাজির বিরুদ্ধে সংশ্লিষ্টদের কঠোর ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ সোমবার সচিব সভায় প্রধানমন্ত্রী এ নির্দেশ দেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সভা হয়। সভা শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন সাংবাদিকদের প্রধানমন্ত্রীর এ নির্দেশনার কথা জানান। মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'প্রধানমন্ত্রী আইনশৃঙ্খলা রক্ষা ও বাজারমূল্য নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে নজরদারি করতে বলেছেন। নজরদারি করার ক্ষেত্রে সুনির্দিষ্ট একটি ক্ষেত্রের কথাও তিনি বলেছেন। অনেক সময় দ্রব্যমূল্যের জন্য বিভিন্ন সময় বিভিন্ন পর্যায়ে চাঁদাবাজির প্রসঙ্গ আসে, নিউজ আসে। এক্ষেত্রে তিনি সংশ্লিষ্ট সবাইকে খুবই শক্তভাবে ব্যবস্থা নিতে বলেছেন। এটি যাতে কোথাও না হয়।' কোন প্রসঙ্গে প্রধানমন্ত্রী পণ্য পরিবহনে চাঁদাবাজি প্রতিরোধের কথা বললেন, এ বিষয়ে তিনি বলেন, 'বাজার মনিটরিং-এর জন্য যে নির্দেশনা দিয়েছেন, সেই নির্দেশনা সংশ্লিষ্ট হয়ে তিনি বলেছেন, এ রকম কারণে অনেক সময় দ্রব্যমূল্য বৃদ্ধি পায়। সুতরাং এটি যাতে না হয়। এজন্য সংশ্লিষ্টদের তিনি খুবই শক্তভাবে মাঠে থাকতে বলেছেন।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও নির্বাচনী ইশতেহার বাস্তবায়নসহ বিভিন্ন বিষয়ে সচিবদের প্রধানমন্ত্রীর নির্দেশনা

দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, আইনশৃঙ্খলা রক্ষা, নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন, দুর্নীতি প্রতিরোধ, যাচাই-বাছাই করে প্রকল্প গ্রহণসহ বিভিন্ন বিষয়ে সচিবদের একগুচ্ছ নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে সচিব সভায় এ নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। সভা শেষে সচিবালয়ে প্রেস ব্রিফিংয়ে প্রধানমন্ত্রীর নির্দেশনাগুলো তুলে ধরেন মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন। মন্ত্রিপরিষদ সচিব বলেন, `সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত সচিবদের সঙ্গে সভা করেন প্রধানমন্ত্রী। সভায় সব সচিব এবং সচিব পদমর্যাদার কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভার নির্দিষ্ট কোনো আলোচ্যসূচি ছিল না। প্রধানমন্ত্রীর প্রত্যাশা আমরা শুনতে চেয়েছি। আমাদের জন্য উনার নির্দেশনা কি সেটি আমরা জানতে চেয়েছি।, তিনি বলেন, `জাতীয় নির্বাচনে যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট সব মন্ত্রণালয় ও সচিব এবং জনপ্রশাসনকে ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী। উনি বলেছেন, এ নির্বাচনের মাধ্যমে বাংলাদেশের মানুষের গণতান্ত্রিক অভিযাত্রা সুসংহত হয়েছে। গত সচিব সভার পরে যেসব কার্যক্রম হয়েছে সেটি নিয়ে আলোচনা করেছি। কিছু বিষয়ে আমরা প্রধানমন্ত্রীকে অবহিত করেছি। ১৫-১৬ জন সচিব আলোচনায় অংশ নিয়েছেন। ১১ জন সচিব সুনির্দিষ্ট প্রস্তাব উপস্থাপন করেন।,

মাহবুব হোসেন বলেন, `সচিবদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেছেন, দায়িত্ব পালনে আত্মপ্রত্যয়, আত্মবিশ্বাস ও আত্মসম্মান সমুন্নত রেখে যেন নিজ নিজ ক্ষেত্রে দায়িত্ব পালন করি।, তিনি বলেন, `সভায় প্রথমে নির্বাচনী ইশতেহার নিয়ে আলোচনা হয়। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও আসন্ন রমজানের প্রস্তুতি নিয়ে অবহিত করেছি। খাদ্য নিরাপত্তা পরিস্থিতি, কৃষি উৎপাদন ও সার ব্যবস্থাপনা, কর্মমুখী শিক্ষা, নতুন পাঠ্যক্রম ও কর্মসংস্থান, বিদ্যুৎ সরবরাহ ও জ্বালানি নিরাপত্তা, আধুনিক প্রযুক্তিনির্ভর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ, উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা, সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি, মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ ও আর্থিক খাতের দক্ষতা বাড়ানো নিয়ে আলোচনা করা হয়।, প্রধানমন্ত্রীর নির্দেশনাগুলো তুলে ধরে মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'প্রধানমন্ত্রী বলেছেন সংসদ কার্যক্রমে আমরা যেন সর্বাত্মকভাবে সহযোগিতা করি। বিশেষ করে প্রশ্নোত্তর পর্বে। প্রশ্নোত্তর লেখা বা সম্পূরক প্রশ্নের উত্তর যেন যথাযথভাবে উপস্থাপন করি। যেদিন যে মন্ত্রণালয়ের প্রশ্নোত্তর থাকবে সেদিন যেন ওই মন্ত্রণালয়ের প্রতিনিধি সংসদে উপস্থিত থাকেন। কর্মকর্তাদের সংসদ কার্যাবিধি সম্পর্কে অবহিত হতে নির্দেশনা দিয়েছেন।'

(জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## ১৫ বছরে ট্রাফিকের জরিমানা আদায় ৭৭৫ কোটি ৮৭ লাখ টাকা : স্বরাষ্ট্রমন্ত্রী

গত ১৫ বছরে বিভিন্ন মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক বিভাগ জরিমানার মাধ্যমে ৭৭৫ কোটি ৮৭ লাখ টাকা আদায় করেছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। আজ সোমবার দ্বাদশ জাতীয় সংসদের অধিবেশনে ভোলা-৩ আসনের সংসদ সদস্য নুরুন্নবী চৌধুরীর এক প্রশ্নের লিখিত উত্তরে তিনি এ কথা জানান। অধিবেশনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্ব করেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'গত ১৫ বছরে বিভিন্ন মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক বিভাগ জরিমানার মাধ্যমে ৭৭৫ কোটি ৮৭ লাখ ২৪ হাজার ৮০৭ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করেছে।' কুমিল্লা-৩ আসনের সংসদ সদস্য জাহাঙ্গীর আলমের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'পুলিশের বিভিন্ন স্থানে জরাজীর্ণ থানাগুলোকে আধুনিকীকরণ এবং প্রয়োজনীয় দাফতরিক ও আবাসিক সুবিধা সৃষ্টির লক্ষ্যে 'দেশের বিভিন্ন স্থানে বাংলাদেশ পুলিশের থানায় প্রশাসনিক কাম ব্যারাক ভবন নির্মাণ শীর্ষক' প্রকল্প গ্রহণ করা হয়েছে।' প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে পাঠানো হয়েছে বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক উচ্চমাত্রা পাবে : পররাষ্ট্রমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লেখা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের চিঠিকে উষ্ণ স্বাগত জানিয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, 'যুক্তরাষ্ট্রের সঙ্গে আমাদের সম্পর্ক অত্যন্ত ভালো। এ চিঠির মাধ্যমে আমাদের সম্পর্ক আরো উন্নত হবে, উচ্চমাত্রা পাবে।' আজ সোমবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। নির্বাচন নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো অস্বস্তি আছে কি না, এ প্রশ্নে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন চিঠিতে বাংলাদেশের অর্থনৈতিক লক্ষ্য অর্জনে, আঞ্চলিক ও বৈশ্বিক নিরাপত্তা, জলবায়ু পরিবর্তন, জ্বালানিসহ বৈশ্বিক নানা বিষয়ে একযোগে কাজ চালিয়ে যেতে তার প্রশাসনের আন্তরিক ইচ্ছা প্রকাশ করেছেন। ফলে এ চিঠির পর সব নিরসন হয়েছে। যুক্তরাষ্ট্রের সঙ্গে আর কোনো অস্বস্তির কারণ নেই।' বেলজিয়ামে গত ১ ও ২ ফেব্রুয়ারি তৃতীয় ইইউ ইন্দো-প্যাসিফিক মিনিস্টেরিয়াল ফোরামে দেশের প্রতিনিধিত্বকারী মন্ত্রী ব্রাসেলস সফর নিয়ে বলেন, 'সেখানে ইন্দো-প্যাসিফিক অঞ্চলে শান্তি ও সমৃদ্ধির লক্ষ্যে ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে সম্পর্ক আরো জোরদার হওয়ার আলোচনা হয়েছে।' ফোরামে জলবায়ু পরিবর্তনের অভিঘাত থেকে সুরক্ষা বিষয়ে বক্তব্যের পাশাপাশি ইউরোপীয় ইউনিয়নের ভাইস-প্রেসিডেন্ট জোসেপ বোরেলের সঙ্গে শুভেচ্ছা বিনিময়, ইউরোপিয়ান কমিশনার ফর ইন্টারন্যাশনাল পার্টনারশিপ ও কমিশনার ফর ক্রাইসিস ম্যানেজমেন্ট এবং ভিয়েতনাম, বেলজিয়াম, চেক, সুইডেন, নেদারল্যান্ডস, অস্ট্রিয়া, হাঙ্গেরি, পর্তুগাল, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, ১০টি দেশের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকের বিষয়ে জানান হাছান মাহমুদ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে লিবিয়া ও থাই রাষ্ট্রদূতের সাক্ষাৎ

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত লিবিয়ার রাষ্ট্রদূত আব্দুল মুত্তালিব এস সুলাইমান ও থাইল্যান্ডের রাষ্ট্রদূত মাকাওয়াদি সুমিতমোর। আজ সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতে লিবিয়ার পুনর্গঠনে বাংলাদেশ পাশে থাকবে বলে উল্লেখ করেছেন পররাষ্ট্রমন্ত্রী। এসময় লিবিয়ায় বাংলাদেশি চিকিৎসক, নার্স, প্রকৌশলী, কৃষিবিদসহ দক্ষ পেশাজীবী ও জনশক্তি এবং ঠিকাদার প্রতিষ্ঠানের কাজের সুযোগের বিষয়ে আলাপ করেন তিনি। অন্যদিকে, থাই রাষ্ট্রদূতের সঙ্গে সাক্ষাতে ফ্রি ট্রেড অ্যাগ্রিমেন্ট, চট্টগ্রাম-ইয়াঙ্গুন কোস্টাল শিপিং, ওষুধ, চামড়াজাত ও পাটজাত পণ্য রফতানি, এলএনজি আমদানি বিষয়ে আলোচনা করেন ড. হাছান মাহমুদ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## সেনা ও বিজিবিকে ধৈর্য ধারণের নির্দেশ প্রধানমন্ত্রীর

মিয়ানমার ইস্যুতে বাংলাদেশের সশস্ত্র বাহিনী ও বিজিবিকে ধৈর্য ধারণ করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ সোমবার জাতীয় সংসদের প্রশ্নোত্তরে জাতীয় পার্টির মহাসচিব মজিবুল হক চুন্নুর এক সম্পূরক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী আনিসুল হক এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের পক্ষে আইনমন্ত্রী সংসদে প্রশ্নোত্তরে সংসদ সদস্যদের প্রশ্নের জবাব দেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদে বৈঠকের শুরুতে প্রশ্নোত্তর অনুষ্ঠিত হয়। মজিবুল হক চুন্নু সম্পূরক প্রশ্নে বলেন, 'আমাদের প্রতিবেশী দেশ মিয়ানমারে অভ্যন্তরীণ বিচ্ছিন্নতাবাদী সরকারি বাহিনীর সঙ্গে বিদ্রোহী বাহিনীর অনেকটা যুদ্ধের মতো চলছে। যে কারণে সেখান থেকে সাধারণ মানুষ বাংলাদেশে অনুপ্রবেশের চেষ্টা করছে। গোলাগুলি হচ্ছে। সেই গোলা এসে বাংলাদেশে পড়ছে।' তিনি বলেন, 'পত্রিকার খবর অনুযায়ী বাংলাদেশি সীমানায় কিছু গোলাও পাওয়া গেছে। মানুষ নিরাপত্তাহীনতায় ভুগছে। শিক্ষাপ্রতিষ্ঠান বোধহয় বন্ধ হয়ে গেছে। এ অবস্থায় জানতে চাই, আমাদের বর্ডার এবং স্থানীয় মানুষগুলোর নিরাপত্তার প্রশ্নে সরকারের পক্ষ থেকে কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে।' জবাবে আইনমন্ত্রী আনিসুল হক বলেন, 'এ ব্যাপারে সরকার ওয়াকিবহাল আছে। আজ যে ঘটনা ঘটেছে, ৭৮ জন মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ, বিজিপি বাংলাদেশে চলে এসেছে। তাদের মধ্যে কিছু কিছু আহতও আছে। তাদের চিকিৎসা দেওয়া হচ্ছে। তাদের আপাতত একটা স্কুলে রাখা হয়েছে।' মন্ত্রী বলেন, 'মিয়ানমারের সঙ্গে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে একটা আলোচনার নির্দেশ দেওয়া হয়েছে। আমরা সেই আলোচনার জন্য এবং বিজিপি সদস্যদের ফেরত পাঠানো বা ফেরত পাঠানো না গেলে অন্য কী ব্যবস্থা নেওয়া যায় সেটা নিয়ে কথা বলছি। গতকাল, রোববার যেটা হয়েছিল, মর্টারশেলে আমাদের একজন মারা গেছে। ওদেরও একজন মারা গেছে। চলমান এ পরিস্থিতি বাংলাদেশ খুব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। এ বিষয়ে দ্রুতই ব্যবস্থা নেওয়া হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## সাগর-রুনি হত্যাকাণ্ডের তদন্তে গভীরে যেতে হচ্ছে : আইনমন্ত্রী

সাংবাদিক সাগর-রুনি হত্যাকাণ্ডের তদন্তের জন্য অনেক গভীরে যেতে হচ্ছে, তাই চার্জশিট দিতে দেরি হচ্ছে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক। আজ সোমবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি এ তথ্য জানান। জাতীয় পার্টির সংসদ সদস্য মোঃ হাফিজ উদ্দিনের সম্পূরক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, 'সাংবাদিক সাগর-রুনি হত্যার তদন্ত কবে শেষ হবে সে সময় বেঁধে দিতে পারি না। কোনো কোনো মামলার তদন্ত করতে সময়

লাগে। তদন্তকারী সংস্থা ঘটনার প্রকৃত রহস্য উদঘাটন করতে না পারলে সময় নেবে। তদন্তকারী সংস্থা সাগর-রুনি হত্যাকাণ্ডের কারণ সঠিকভাবে উদঘাটন করতে সময় নিচ্ছে।' আওয়ামী লীগের সংসদ সদস্য মোঃ মামুনুর রশীদ কিরণের প্রশ্নের লিখিত উত্তরে মন্ত্রী জানান, 'সীমান্ত এলাকা দিয়ে চোরাচালান প্রতিরোধে সরকারের আন্তরিক প্রচেষ্টা ও দিকনির্দেশনার পরিপ্রেক্ষিতে বিজিবির সার্বক্ষণিক টহল কার্যক্রম পরিচালনা, ব্যাপক তল্লাশি এবং নজরদারি বাড়ানোর ফলে প্রায়শই বিজিবিসহ অন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য বিপুল পরিমাণ চোরাচালান পণ্য ও মাদকদ্রব্য আটক করেছে।' তিনি জানান, 'গত বছর জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত এক হাজার ৯৯৬ কোটি ৯৯ লাখ ৭২৯ টাকার অবৈধ চোরাচালান পণ্য ও বিপুল পরিমাণ মাদকদ্রব্য আটক করা হয়েছে। এসব ঘটনায় দুই হাজার ৮১৭ জনের বিরুদ্ধে ৩৮ হাজার ৬৯২টি মামলা করা হয়েছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

### গত ২৪ ঘণ্টায় নতুন করে ৫১ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত

দেশে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ৫১ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ সময়ে দেশে করোনায় কারো মৃত্যুর তথ্য জানা যায়নি। তবে মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনায় মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ২৯ হাজার ৪৮২ জনে। আর আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৭ হাজার ৩৪৮ জনে। আজ সোমবার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৭৪১ টি নমুনা পরীক্ষায় ৫১ জনের করোনা শনাক্ত হয়। তাদের মধ্যে ৪৯ জন ঢাকার এবং ময়মনসিংহ ও চট্টগ্রামে একজন করে রোগী রয়েছেন। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৬ দশমিক ৫৩ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সেরে উঠেছেন ২৯ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৪ হাজার ৫৩৯ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৪০ শতাংশ।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৫.০২.২০২৪ প্রতীক)

## BBC

### MORE THAN 100 KILLED IN CHILE WILDFIRES

At least 112 people have been killed by forest fires in Chile's Valparaiso region, local authorities have said. President Gabriel Boric declared a state of emergency and said he would make all necessary resources available to tackle the situation. It is believed to be Chile's deadliest forest fire on record. Many of those affected were visiting the coastal region during the summer holidays. A health alert was put in place in Valparaiso by the health ministry. (BBC Web Page: 05/02/24, FARUK)

### EL SALVADOR'S PRESIDENT BUKELE CLAIMS ELECTION WIN

President Nayib Bukele of El Salvador, credited with driving down gang violence in the Central American nation, says he has been re-elected. The 42-year-old took to social media to say he had won 85% of the vote. Preliminary results later showed him winning 83% with 31% votes counted. His popularity has soared following a crackdown on crime that has transformed El Salvador from one of the most violent countries in the world to one of the safest in Latin America. (BBC Web Page: 05/02/24, FARUK)

### CHINESE SHIP'S PORT CALL FANS INDIA TENSIONS

The expected arrival of a Chinese research ship in the Maldives this week has escalated tensions between Beijing, Delhi and Male. Officially, the vessel Xiang Yang Hong 3 is there to make a port call, for rotation of personnel and replenishment. In short, an entirely innocuous stop. But that is not how it is being seen in Delhi. Instead, the ship's presence is at the very least a diplomatic snub. At worst, some fear, it could be a mission to collect data which could - at a later date - be used by the Chinese military in submarine operations.
(BBC Web Page: 05/02/24, FARUK)

### RUSSIAN OIL GETTING INTO UK VIA REFINERY LOOPHOLE

Millions of barrels of fuel made from Russian oil are still being imported to the UK despite sanctions imposed over the war in Ukraine, research claims. A so-called loophole means Russian crude is refined in countries such as India and the products sold to the UK. This is not illegal and does not breach the UK's Russian oil ban, but critics say it undermines sanctions aimed at restricting Russia's war funds. The UK government denied there had been any imports of Russian oil since 2022. (BBC Web Page: 05/02/24, FARUK)

### DRONE ATTACK KILLS SIX KURDISH-LED FIGHTERS AT US BASE IN SYRIA

A drone attack at the largest US military base has killed at least six fighters from an allied, Kurdish-led militia force. The Syrian Democratic Forces (SDF) said a one-way unmanned

aerial vehicle launched from Syrian government-controlled territory hit its commando academy at al-Omar oil field in an eastern province. The SDF - which helped a US-led coalition defeat the Islamic State group in eastern Syria - added that an initial Investigation found that Iran-backed militias were behind the terrorist act.
(BBC Web Page: 05/02/24, FARUK)

**TEN KILLED IN HOURS-LONG ASSAULT ON POLICE STATION IN PAKISTAN**

At least 10 officers have been killed in an hours-long assault on a police station in Pakistan. The officers lost their lives after more than 30 militants launched the attack in the early hours of Monday. Four others were injured in the two-and-a-half hour battle, Khyber Pakhtunkhwa's provincial police chief told news agency AFP. It is not clear who was behind the attack, or if it is related to the election being held on Thursday. There has been a rise in violence over the last few weeks, including a candidate for the National Assembly being shot dead in another part of Khyber Pakhtunkhwa last Wednesday.
(BBC Web Page: 05/02/24, FARUK)

**US LAUNCHES MORE STRIKES AGAINST HOUTHIS IN YEMEN**

The US carried out further strikes against the Iran-backed Houthi group in Yemen early on Sunday, the US military said. Centcom said the US struck a land-attack cruise missile and four anti-ship missiles that were prepared to launch against ships in the Red Sea. The additional strikes came a day after joint US-UK strikes on Houthi targets. The US has also warned that it intends to take further action against Iran-backed groups in Iraq and Syria. (BBC Web Page: 05/02/24, FARUK)

**WEEKEND CLASHES IN ABYEI REGION LEAVE DOZENS DEAD**

At least 37 civilians have been killed and 18 abducted in renewed attacks in an area disputed by South Sudan and Sudan, authorities have said. It is the latest attack in a three-year-long spate of clashes in the oil-rich region of Abyei. The majority of those killed during the weekend raid were women and children, the area's interim administration said. Markets and residential areas were torched and 1,000 heads of cattle stolen. The authorities accused two-armed youth groups from Warrap State in South Sudan of raiding the area in the early hours of Saturday and Sunday and carrying out coordinated attacks on four different villages within Abyei. (BBC Web Page: 05/02/24, FARUK)

**NAMIBIA GETS NEW LEADER HOURS AFTER PREDECESSOR DIES**

Namibia has a new president in the shape of Nangolo Mbumba just hours after, as vice-president, he had announced the death of his predecessor. Hage Geingob, 82, died early on Sunday while receiving medical treatment at a hospital in the capital, Windhoek. A veteran of the country's independence struggle, Mr Geingob had been diagnosed with cancer and revealed the details to the public last month. The nation had lost a "liberation... icon", Mr Mbumba said. He has since been sworn-in as Mr Geingob's replacement and will serve in the role until elections due later this year. (BBC Web Page: 05/02/24, FARUK)

**LIFE-SAVING MALARIA VACCINE NOW AVAILABLE IN BURKINA FASO**

Burkina Faso has now introduced the World Health Organization's first recommended malaria vaccine - RTS,S - into its regular vaccination routine. This means that infants who visit health facilities for their routine vaccination in the West African country can now receive the malaria vaccine as an added way of staying protected from the disease. The first phase of this vaccine rollout is targeting almost 2,50,000 infants aged five months to one year in 27 health districts that are worst affected by malaria. (BBC Web Page: 05/02/24, FARUK)

**::THE END::**